∴ মোট সময় = ৪ + ২ = ৬ ঘন্টা

**অঙ্কটি ১০ সেকেন্ডে সমাধান করুন ঃ**

স্রোতের অনুকুলের বেগ = (১৮+৬) = ২৪

স্রোতের প্রতিকুলের বেগ = (১৮-৬) = ১২

মোট সময় = $\frac{\text{মোট দূরত্ব}}{\text{অনুকুলের বেগ}} + \frac{\text{মোট দূরত্ব}}{\text{প্রতিকুলের বেগ}}$

$= \frac{৪৮}{২৪} + \frac{৪৮}{১২}$

= ২+৪ = ৬

৯। কোনো সংখ্যার ১/২ অংশের সাথে ৬ যোগ করলে সংখ্যাটির ২/৩ অংশ হবে। সংখ্যাটি কত?

ক. ৫৩ খ. ৬৩ গ. ৩৫ ঘ. ৩৬

ব্যাখ্যাঃ ধরি, সংখ্যাটি x

শর্তমতে, $x \times \frac{১}{২} + ৬ = x \times \frac{১}{৩}$

বা, $\frac{x+১২}{২} = \frac{২x}{৩}$

বা, ৩x + ৩৬ = ৪x

বা, ৪x - ৩x = ৩৬

∴ x = ৩৬

১০। ৪৩ থেকে ৬০ এর মধ্যে মৌলিক সংখ্যার সংখ্যা কয়টি ?

ক. ৫ খ. ৩ গ. ৭ ঘ. ৪

ব্যাখ্যা: ৪৩ থেকে ৬০ এর মধ্যে মৌলিক সংখ্যা গুলো- ৪৩, ৪৭, ৫৩, ৫৯ = ৪ টি

১১। যদি P একটি মৌলিক সংখ্যা হয়, তবে $\sqrt{P}$ কি?

ক. একটি স্বাভাবিক সংখ্যা খ. একটি পূর্ণ সংখ্যা

গ. একটি মুলদ সংখ্যা ঘ. একটি অমুলদ সংখ্যা

**ব্যাখ্যা: এখানে P একটি মৌলিক সংখ্যা। তাই P সংখ্যাটি হবে স্বাভাবিক পূর্ণ ও মূলদ সংখ্যা। পূর্ণ বর্গ সংখ্যা নয়। এমন স্বাভাবিক সংখ্যাকে বর্গমুল করলে তা অমুলদ সংখ্যা।**

তাই $\sqrt{2}$ একটি অমুলদ সংখ্যা।

১২। ক এবং খ একত্রে মিলে একটি কাজ ১২ দিনে করতে পারে। ক একা কাজটি ২০ দিনে করতে পারে, খ একা কাজটি করতে পারবে-

ক. ২৫ দিনে খ. ৩০ দিনে গ. ৩৫ দিনে ঘ. ৪০ দিনে

ব্যাখ্যা: ক ও খ একত্রে করে = $\frac{১}{১২}$ অংশ

ক একা করতে পারে = $\frac{১}{২০}$ অংশ

∴ খ একা কাজটি করতে পারে $(\frac{১}{১২} - \frac{১}{২০})$ দিনে

$= \frac{৫-৩}{৬০}$

$= \frac{২}{৬০} = \frac{১}{৩০}$ দিনে

∴ খ সম্পুর্ণ কাজটি করতে পারে = $\frac{৩০\times১}{১}$

= ৩০ দিনে।

উত্তর

০৬. গ

০৭. ঘ

০৮. গ

০৯. ঘ

১০. ঘ

১১. ঘ

১২. খ

**অঙ্কটি ১০ সেকেন্ডে সমাধান করুন ঃ**

সময় $= \frac{Mn}{M-n} = \frac{২০\times১২}{২০ - ১২} = \frac{২৪০}{৮} = ৩০$

**১৩। ৭২ সংখ্যাটির মোট ভাজক আছে**

ক. ৯টি খ. ১০টি গ. ১১টি ঘ. ১২টি

**ব্যাখ্যা:**

২|৭২
২|৩৬
২|১৮
৩|৯
৩

∴ ৭২ = $২^৩ \times ৩^২$

= (৩+১) × (২+১)

= ৪ × ৩ = ১২

**১৪। দুইটি ক্রমিক পূর্ণ সংখ্যা নির্ণয় করুন, যাদের বর্গের অন্তর ৪৭-**

ক. ২১ ও ২২ খ. ২২ ও ২৩

গ. ২৩ ও ২৪ ঘ. ২৪ ও ২৫

**ব্যাখ্যা:** $\frac{৪৭+১}{২} = \frac{৪৮}{২} = ২৪$ | $\frac{৪৭-১}{২} = \frac{৪৬}{২} = ২৩$

∴ প্রদত্ত সংখ্যা গুলো যোগ করলে=২৪+২৩=৪৭ পাওয়া যাবে।

**১৫। x+y =8, x-y = 6 হলে, $x^2+y^2$ এর মান কত?**

ক. 40 খ. 60 গ. 50 ঘ. 80

**ব্যাখ্যা:** $x^2+y^2= \frac{1}{2}\{(x+y)^2+(x-y)^2\}$

$= \frac{1}{2}\{(8)^2+(6)^2\}$

$= \frac{1}{2}(64+36) = \frac{1}{2}\times100 = 50$

**১৬। একটি বর্গক্ষেত্রের বাহুর দৈর্ঘ্য ৮ ফুট হলে, ঐ বর্গক্ষেত্রের কর্ণের উপর অংকিত বর্গক্ষেত্রের ক্ষেত্রফল কত?**

ক. ১৫৬ ব.ফুট খ. ১৬৪ ব.ফুট

গ. ১২৮ ব.ফুট ঘ. ২১৮ ব.ফুট

**ব্যাখ্যা:** আমরা জানি, বর্গক্ষেত্রের কর্ণের দৈর্ঘ্য

$=\sqrt{৮^২ + ৮^২} = \sqrt{১২৮}$

∴ বর্গক্ষেত্রের কর্ণের উপর অংকিত ক্ষেত্রফল

$= (\sqrt{১২৮})^২ = ১২৮$ বর্গফুট

**১৭। $x^2$-8x-8y+16+ $y^2$ এর সাথে কত যোগ করলে যোগফল একটি পূর্ণবর্গ হবে-**

ক. -2xy খ. 8xy গ. 6xy ঘ. 2xy

***ব্যাখ্যা: অঙ্কটির সমাধান দেখুন ৮৮ পৃষ্ঠার ৬নং সমাধান।***

**১৮। $x^2-y^2+2y-1$ এর একটি উৎপাদক**

ক. x+y+1 খ. x-y

গ. x+y-1 ঘ. x-y-1

**ব্যাখ্যা:** $x^2-y^2+2y-1$

$= x^2-(y^2-2y+1)$

$= x^2-(y-1)^2$

$= (x+y-1)(x-y+1)$

**১৯। ১৩ সে.মি ব্যার্সাধের বৃত্তের কেন্দ্র হতে ৫ সে.মি দূরত্বে অবস্থিত জ্যা এর দৈর্ঘ্য- সে.মি**

ক. ২৪ সে.মি খ. ১৮ সে.মি

গ. ১৬ সে.মি ঘ. ১২ সে.মি

**ব্যাখ্যা:** অতিভুজ ১৩ এবং লম্ব ৫ হলে,

ভূমি $= \sqrt{13^2 - 5^2}$

$= \sqrt{169 - 25}$

$= \sqrt{144} = 12$

∴ জ্যা এর দৈর্ঘ্য = 12+12 = 24 সে.মি

**২০। বৃত্তের পরিধি ও ব্যাসের অনুপাত-**

ক. ৩ খ. ২২/৭ গ. ২৫/৯ ঘ. ৫ (প্রায়)

**ব্যাখ্যা: আমরা জানি,**

বৃত্তের পরিধি : বৃত্তের ব্যাস $= 2\pi r:2r$

$= \pi r:r$

$= \pi$

$= \frac{22}{7}$

উত্তর

১৩. ঘ
১৪. গ
১৫. গ
১৬. গ
১৭. ঘ
১৮. গ
১৯. ক
২০. খ

## ২৭তম BCS

**১। $১^২+২^২+৩^২+.....+৫০^২$ = কত ?**

ক. ৩৫৭২৫ খ. ৪২৯২৫
গ. ৪৫৫০০ ঘ. ৪৭২২৫

**ব্যাখ্যা:** আমরা জানি , সমষ্টি = $\frac{n(n+1)(2n+1)}{6}$

$= \frac{50(50+1)(2\times50+1)}{6}$

$= \frac{50\times51\times101}{6}$

= 42925

**২। ৪ টাকায় ৫টি করে কিনে ৫ টাকায় ৪টি করে বিক্রয় করলে শতকরা কত লাভ হবে?**

ক. ৪৫% খ. ৪৮.৫০%
গ. ৫২.৭৫% ঘ. ৫৬.২৫%

**ব্যাখ্যা:** ৫টির ক্রয় মূল্য ৪ টাকা

∴ ১টির ,, ,, $\frac{৪}{৫}$ টাকা

আবার, ৪টির বিক্রয় মূল্য ৫ টাকা

∴ ১টির ,, ,, $\frac{৫}{৪}$ টাকা

∴ লাভ $= \frac{৫}{৪} - \frac{৪}{৫}$

$= \frac{২৫ - ১৬}{২০} = \frac{৯}{২০}$

∴ $\frac{৪}{৫}$ টাকায় লাভ হয় $\frac{৯}{২০}$ টাকা

∴ ১০০ ,, ,, $\frac{৫\times৯\times১০০}{৪\times২০}$

= ৫৬.২৫ টাকা বা, ৫৬.২৫%

**অঙ্কটি ১০ সেকেন্ডে সমাধান করুন ঃ**

$\frac{(৫\times৫ - ৪\times৪)}{৪\times৪}\times১০০$

$= \frac{(২৫-১৬)}{৪\times৪}\times১০০$

$= \frac{৯}{১৬}\times১০০ = ৫৬.২৫\%$

**৩। একজন ব্যবসায়ী একটি পণ্যের মূল্য ২৫% বাড়ালো, অতপর বর্ধিত মূল্য থেকে ২৫%কমালো। সর্বশেষ মূল্য সর্বপ্রথম মূল্যের তুলনায়**

ক. ৪৫%কমানো হয়েছে
খ. ৬.২৫%কমানো হয়েছে
গ. ৫% বাড়ানো হয়েছে
ঘ. ৬.২৫%বাড়ানো হয়েছে

**ব্যাখ্যা:** ২৫% বৃদ্ধিতে (১০০+২৫) = ১২৫ টাকা
বর্ধিত মূল্য থেকে ২৫% কমালে (১০০-২৫) = ৭৫
১০০ টাকার পন্যের ব্যবহার হয় ১২৫ টাকা

∴ ৭৫ ,, ,, ,, ,, $\frac{১২৫\times৭৫}{১০০}$ = ৯৩.৭৫

∴ ব্যবহার কমাতে হবে = (১০০-৯৩.৭৫)
= ৬.২৫%

**অঙ্কটি ১০ সেকেন্ডে সমাধান করুন ঃ**

$x + (-y) + \frac{x(-y)}{১০০}$

$= ২৫ + (-২৫) + \frac{২৫\ (-২৫)}{১০০}$

$= ২৫ - ২৫ + \frac{-৬২৫}{১০০} = -৬.২৫$ (কম)

**৪। যদি একটি কাজ ৯জন লোক ১২ দিনে করতে পারে, অতিরিক্ত ৩জন লোক নিয়োগ করলে কাজটি কত দিনে শেষ হবে?**

ক. ৭ দিন খ. ৯ দিন গ. ১০ দিন ঘ. ১২ দিন

**ব্যাখ্যা:** ৩জন অতিরিক্ত হওয়ায় = ৯+৩ = ১২জন
৯ জন লোক কাজটি করে ১২ দিনে

∴ ১২ জন লোক কাজটি করে $\frac{৯\times১২}{১২}$ = ৯দিনে

**অঙ্কটি ১০ সেকেন্ডে সমাধান করুন ঃ**

$\frac{১ম\ লোক\ (M_1)\times১ম\ সময়\ (N_1)}{২য়\ লোক\ (M_2)} = \frac{৯\times১২}{১২} = ৯$ দিন

**৫। শিক্ষা সফরে যাওয়ার জন্য ২৪০০ টাকায় বাস ভাড়া করা হলো, এবং প্রত্যেক ছাত্র-ছাত্রী সমান ভাড়া বহন করবে ঠিক হলো । অতিরিক্ত ১০ জন ছাত্রছাত্রী যাওয়ায় প্রতিজনের ভাড়া ৮টাকা কমে গেলো।বাসে কত জন ছাত্রছাত্রী গিয়েছিল?**

ক. ৪০ জন খ. ৪৮ জন
গ. ৫০ জন ঘ. ৬০ জন

উত্তর

০১. খ
০২. ঘ
০৩. খ
০৪. খ
০৫. ঘ

**ব্যাখ্যা:** ধরি, ছাত্র-ছাত্রীর সংখ্যা x জন

∴ প্রত্যেক ,, ,, $\frac{২৪০০}{x}$

অতিরিক্ত ১০ জন যাওয়ায় ভাড়া পরে $\frac{2400}{x+10}$ টাকা

প্রশ্নমতে, $\frac{২৪০০}{x} - \frac{২৪০০}{x+১০} = ৮$

বা, $\frac{(২৪০০x + ২৪০০০ - ২৪০০x)}{x(x+১০)} = ৮$

বা, $\frac{২৪০০০}{x(x+১০)} = ৮$

বা, $\frac{২৪০০০}{x^2 + ১০x} = ৮$

বা, $৮x^2 + ৮০x - ২৪০০০ = ০$

বা, $x^2 + ৬০x - ৫০x - ৩০০=০$

∴ x ≠ −৬০ এবং x=৫০

∴ ছাত্রছাত্রী গিয়েছিল (৫০+১০)= ৬০ জন

**৬। পিতা, মাতা ও পুত্রের বযসের গড় ৩৭ বছর। আবার পিতা ও পুত্রের বয়সের গড় ৩৫ বছর। মাতার বয়স কত?**

ক. ৩৮ বছর খ. ৪১ বছর
গ. ৪৫ বছর ঘ. ৪৮ বছর

**ব্যাখ্যা:** পিতা, মাতা ও পুত্র ৩ জনের

বয়সের সমষ্টি (৩৭×৩)= ১১১ বছর

পিতা, ও পুত্রের বয়সের সমষ্টি (৩৫×২)= ৭০

∴ মাতার বয়স ৪১ বছর

**৭। বৃত্তের ব্যাস তিনগুন বৃদ্ধি করলে ক্ষেত্রফল কতগুন বৃদ্ধি পাবে?**

ক. ৪ খ. ৯ গ. ১২ ঘ. ১৬

***ব্যাখ্যা: অঙ্কটির সমাধান দেখুন ১৩১ পৃষ্ঠার ১নং সমাধান।***

**৮। যদি $(x-y)^2=14$ এবং $xy=2$ হয়, তবে $x^2+y^2$ = কত?**

ক. 12 খ. 14 গ. 16 ঘ. 18

**ব্যাখ্যা:** আমরা জানি, $x^2+y^2$

$= (x-y)^2+2xy$
$= 14+2.2$
$= 14+4 = 18$

**৯। একটি সমদ্বিবাহু সমকোনী ত্রিভুজের অতিভুজের দৈর্ঘ্য ১২সে.মি হলে ত্রিভুজটির ক্ষেত্রফল কত বর্গ সে.মি ?**

ক. ৩৬ খ. ৪৮ গ. ৫৬ ঘ. ৭২

**ব্যাখ্যা:** ধরি, লম্ব ও ভুমি x হলে,

শর্তমতে, $(x)^2+(x)^2= (১২)^2$

বা, $২x^2 = ১৪৪$

∴ $x^2 = ৭২$

∴ ত্রিভুজটির ক্ষেত্রফল = $\frac{১}{২} \times x^2$ [বাহু দুটির গুনফল]

$= \frac{১}{২} \times ৭২$

= ৩৬ বর্গ সেমি

**১০। ৬০ থেকে ৮০ এর মধ্যবর্তী বৃহত্তম ও ক্ষুদ্রতম মৌলিক সংখ্যার অন্তর হবে −?**

ক. ৮ খ. ১২ গ. ১৮ ঘ. ১৪০

**ব্যাখ্যা:** ৬০ থেকে ৮০ এর মধ্যবর্তী মৌলিক সংখ্যাগুলোর ক্ষুদ্রতম ও বৃহত্তম সংখ্যাটি = ৬১, ৬৭, ৭১, ৭৩, ৭৯

∴ বৃহত্তম ও ক্ষুদ্রতম মৌলিক সংখ্যার অন্তর = (৭৯-৬১)= ১৮

## ২৮তম BCS

**১। If you count 1 to 100, how many 5s will you pass on the way?**

ক. 10 খ. 11 গ. 18 ঘ. 19

**ব্যাখ্যা:** ১ থেকে ১০০ পর্যন্ত ৫ এর সংখ্যা গুলো হলো- ৫, ১৫, ২৫, ৩৫, ৪৫, ৫০, ৫১, ৫২, ৫৩, ৫৪, ৫৫, ৫৬, ৫৭, ৫৮, ৫৯, ৬৫, ৭৫, ৮৫, ৯৫ = মোট ১৯ টিতে ৫টি সংখ্যা আছে। **লক্ষনীয় বিষয় হলো ৫৫ লিখতে দুটি পাঁচ আছে।** তাই ১৯+১= ২০ টি পাঁচ আছে।

**২। A farmer had 17 hens, All but 9 died. how Many live hens were left?**

ক. 0 খ. 9 গ. 8 ঘ. 16

**ব্যাখ্যা:** এক কৃষকের ১৭টি মুরগি ছিল। ৯টি মুরগি বাদে বাকি সবগুলো মারা গেল। কাজেই এখন জীবিত মুরগির সংখ্যা হবে ৯

উত্তর
০৬. খ
০৭. খ
০৮. ঘ
০৯. ক
০১. ঘ
১০. ঘ
০১. খ
০২. খ

**৩। If two typist can type two pages In two minutes, how many typist will it take to type to type 18 pages in six minutes?**

ক. 3 খ. 6 গ. 9 ঘ. 18

**ব্যাখ্যা:** ২ পৃষ্ঠা ২ মিনিটে টাইপ করে ২ জন

১৮ পৃষ্ঠা ৬ মিনিটে টাইপ করে $\frac{২\times২\times১৮}{২\times৬}$ জন = ৬ জন

**8। Two men, starting at the same point, walk in opposite directions for 4 meters, turn left and walk another 3 meters. What is the distance between them?**

ক. 7 meters খ. 14 meters

গ. 10 meters ঘ. 6 meters

**ব্যাখ্যা:** দৈর্ঘ্য = 3 + 3 = 6 মি.

প্রস্থ = 4 + 4 = 8 মি.

আমরা জানি, (অতিভূজ)² = (দৈর্ঘ্য)² + (প্রস্থ)²

অতিভূজ $= \sqrt{(6)^2 + (8)^2}$

$= \sqrt{36 + 64}$

$= \sqrt{100} = 10$

**৫। 30% of 10 is 10% of which?**

ক. 30 খ. 60 গ. 40 ঘ. 600

**ব্যাখ্যা:** 30% of 10 = 10% of z

বা, $\frac{30}{100} \times 10 = \frac{10}{100} \times z$

বা, $3 = \frac{z}{10}$

$\therefore z = 30$

**৬। Divide 30 by half and add 10. What do you get?**

ক. 25 খ. 45 গ. 55 ঘ. 70

**ব্যাখ্যা:** $30 \div \frac{1}{2} + 10$

$= 30 \times \frac{2}{1} + 10$

$= 60 + 10 = 70$

## ২৯তম BCS

**১। ১০ থেকে ৬০ পর্যন্ত যে সকল মৌলিক সংখ্যার একক স্থানীয় অংক ৯ তাদের সমষ্টি কত?**

ক. ১৪৬ খ. ৯৯ গ. ১০৫ ঘ. ১০৭

**ব্যাখ্যা:** ১০ থেকে ৬০ পর্যন্ত যে সকল মৌলিক সংখ্যার একক স্থানীয় অংক সংখ্যা ৯, সেগুলো ১৯, ২৯ এবং ৫৯।

অতএব, তাদের সমষ্টি হবে= ১৯+২৯+৫৯=১০৭

**২। ৪০ সংখ্যাটি $a$ হতে ১১ কম। গাণিতিক আকারে প্রকাশ করলে কি হবে?**

ক. $a$ + ১১=৪০ খ. $a$ + ৪০=১১

গ. $a$ = ৪০+১১ ঘ. $a$ = ৪০+১

**ব্যাখ্যা:** যদি, ৪০ সংখ্যাটি $a$ হতে ১১ কম হয়,

তবে, ৪০ = $a$ − ১১

∴ $a$ = ৪০+১১

**৩। পাঁচ অংকের ক্ষুদ্রতম সংখ্যা ও চার অংকের বৃহত্তম সংখ্যার অন্তর কত?**

ক. ৯ খ. ১০ গ. ১ ঘ. -১

**ব্যাখ্যা:** পাঁচ অংকের ক্ষুদ্রতম সংখ্যা = ১০০০০

চার অংকের বৃহত্তম সংখ্যা = ৯৯৯৯

অন্তর = ১

**৪। ১.১, .০১ ও .০০১১ এর সমষ্টি কত?**

ক. ০.০১১১১ খ. ১.১১১১

গ. ১১.১১০১ ঘ. ১.১০১১১

**ব্যাখ্যা:** সমষ্টি, ১.১ + .০১ + .০০১১ = ১.১১১১

**৫। ১.১৬ এর সাধারণ ভগ্নাংশ কোনটি?**

ক. ১ $\frac{১}{৬}$ খ. ১ $\frac{৮}{৪৫}$ গ. ১ $\frac{১৬}{৯৯}$ ঘ. ১ $\frac{৪}{২৫}$

**ব্যাখ্যা:** ১.১৬ = $\frac{১১৬}{১০০}$ = ১ $\frac{১৬}{১০০}$ = ১ $\frac{৪}{২৫}$

**৬। ৪টি ১ টাকার নোট ও ৮ টি ২ টাকার নোট একত্রে ৮ টি ৫ টাকার নোটের কত অংশ?**

ক. $\frac{১}{৪}$ খ. $\frac{১}{২}$ গ. $\frac{১}{৮}$ ঘ. $\frac{১}{১৬}$

**ব্যাখ্যা:** ৪টি ১ টাকার নোট (৪ × ১) = ৪ টাকা

৮টি ২ টাকার নোট (৮ × ২) = ১৬ টাকা

∴ মোট = ২০ টাকা

আবার, ৮টি ৫ টাকার নোট (৮×৫) = ৪০ টাকা

∴ $\frac{২০}{৪০}$ বা, $\frac{১}{২}$ অংশ

**৭। পরপর তিনটি সংখ্যা গুণফল ১২০ হলে, তাদের যোগফল হবে-**

ক. ৯ খ. ১২ গ. ১৪ ঘ. ১৫

**ব্যাখ্যা:** *অঙ্কটির সমাধান দেখুন ৮৯ পৃষ্ঠার ১২ নং সমাধান।*

উত্তর

০৩. খ
০৪. গ
০৫. ক
০৬. ঘ

০১. ঘ
০২. গ
০৩. গ
০৪. খ
০৫. ঘ
০৬. খ
০৭. ঘ

**৮। Which of the following Integers has the most divisors?**

ক. 88  খ. 91  গ. 95  ঘ. 99

**ব্যাখ্যা:** $88 = 2 \times 2 \times 2 \times 11$

Divisors = 2,4,8,11,22,44,88

91=7×13; So, divisors are 1,7,13,91

95=5×19; So, divisors are 1,5,19,95

99=3×3×11; So, divisors are 1, 3, 9, 11, 33, 99

So, 88 has the most divisors

**৯। Successive discount of 20% and 15% are equal to a single discount of-**

ক. 30%  খ. 32%  গ. 34%  ঘ. 35%

**ব্যাখ্যা:** Let, The orginal price = 100

After first discount rate = 100−20 = 80

After second discount rate = $80 - 80 \times \frac{15}{100}$

$= 68$

So, Total discount rate = $(100 - 68)\%$


$= 32\%$

**১০। City B is 5 miles east of City A. City C is 10 miles, southeast of City B. Which of the following is the closest to the distance from City A to City C?**

ক. 11 miles  খ. 12 miles

গ. 13 miles  ঘ. 14 miles

Here, AB=5 miles and BC = 10 miles $\Delta BDC$ is an issosceles right −angled triangle.




$\therefore BC^2 = BD^2 + CD^2$

বা, $(10)^2 = x^2 + x^2$

বা, $2x^2 = 100$

বা, $x^2 = 50$

বা, $x^2 = 25 \times 2$

$\therefore x = 5\sqrt{2}$

$AD = AB + BD = 5 + 5\sqrt{2}$

Now, $AC^2 = (5 + 5\sqrt{2})^2 + (5\sqrt{2})^2$

$= (5 + 5 \times 1.414)^2 + 50$

বা, $AC^2 = 195.68$

$\therefore AC = 13.99 \approx 14$

## ৩০তম BCS

**১। কোন লঘিষ্ঠ সংখ্যার সাথে ২ যোগ করলে যোগফল ১২, ১৮ এবং ২৪ দ্বারা বিভাজ্য হবে?**

ক. ৮৯  খ. ৭০  গ. ১৭০  ঘ. ১৪২

**ব্যাখ্যা:** এখানে, ১২, ১৮ ও ২৪ এর ল.সা.গু = ৭২

∴ লঘিষ্ঠ সংখ্যাটি হবে = ৭২−২=৭০

**২। নিচের কোনটি মৌলিক সংখ্যা?**

ক. ৯১  খ. ৮৭  গ. ৬৩  ঘ. ৫৯

**ব্যাখ্যা:** এখানে, ৯১=৭×১৩ [এটি মৌলিক সংখ্যা নয়]

৮৭ =৩×৩×৩×৩ [এটি মৌলিক সংখ্যা নয়]

৬৩ =৩×৩×৭ [এটি মৌলিক সংখ্যা নয়]

৫৯ =৫৯×১ [এটি মৌলিক সংখ্যা]

**বেসিক মনে রাখুন:** কোন সংখ্যাকে ১ কিংবা সেই সংখ্যা ছাড়া অন্য কোন সংখ্যা দ্বারা ভাগ করলে সংখ্যাটি নিঃশেষে বিভাজ্য না হলে, তাকে মৌলিক সংখ্যা বলে।

**৩। নিচের কোনটি ক্ষুদ্রতম সংখ্যা?**

ক. ০.৩  খ. $\sqrt{০.৩}$  গ. $\frac{১}{৩}$  ঘ. $\frac{২}{৫}$

**ব্যাখ্যা:** ০.৩ = ০.৩০ | $\sqrt{০.৩}$ = ০.৫৫

$\frac{১}{৩}$ = ০.৩৩ | $\frac{২}{৫}$ = ০.৪০

**৪। একটি সংখ্যা ৩০১ হতে যত বড় ৩৮১ হতে তত ছোট। সংখ্যাটি কত?**

ক. ৩৪০  খ. ৩৪১  গ. ৩৪২  ঘ. ৩৪৪

**ব্যাখ্যা:** ধরি, সংখ্যাটি $x$

প্রশ্নমতে, $x$ − ৩০১ = ৩৮১ − $x$

বা, $x + x$ = ৩৮১ + ৩০১

বা, ২$x$ = ৬৮২

∴ $x$ = $\frac{৬৮২}{২}$ = ৩৪১

উত্তর

০৮. ক
০৯. খ
১০. ঘ

০১. খ
০২. ঘ
০৩. ক
০৪. খ

**অংকটি ৫ সেকেন্ডে সমাধান করুন:**

$\frac{\text{সংখ্যা দুটির যোগফল}}{২} = \frac{৩০১+৩৮১}{২} = ৩৪১$

**৫। ক ও খ একত্রে একটি কাজ ১২ দিনে করতে পারে। ক একা কাজটি ২০ দিনে করতে পারে। খ একা কাজটি কত দিনে করতে পারে?**

ক. ২৫ দিনে খ. ৩০ দিনে গ. ৩৫ দিনে ঘ. ৪০ দিনে

**ব্যাখ্যা:** ক ও খ একত্রে ১ দিনে করে $\frac{১}{১২}$ অংশ

এবং ক একত্রে ১ দিনে করে $\frac{১}{২০}$ অংশ

∴ খ একত্রে ১ দিনে করে $(\frac{১}{১২} - \frac{১}{২০})$ অংশ

$= \frac{৫-৩}{৬০} = \frac{১}{৩০}$ অংশ

$\frac{১}{৩০}$ অংশ করে ১ দিনে

∴ ১ অংশ করে $\frac{৩০\times১}{১} = ৩০$ দিনে

**অংকটি ৫ সেকেন্ডে সমাধান করুন:**

$\frac{২০\times১২}{২০-১২} = \frac{২০\times১২}{৮} = ৩০$ দিনে | সূত্র: $\frac{mn}{m-n}$

**৬। $\int(x) = x^3 + kx^2 - 6x - 9$; $k$ এর মান কত হলে $\int(3) = 0$ হবে?**

ক. 1 খ. −1 গ. 2 ঘ. 0

**ব্যাখ্যা:** $\int(x) = x^3 + kx^2 - 6x - 9$

$\therefore \int(3) = (3)^3 + k3^2 - 6.3 - 9 = 0$

বা, $(3)^3 + 9k - 18 - 9 = 0$

বা, $27 + 9k - 18 - 9 = 0$

বা, $9k = 27 - 27$

বা, $9k = 0$

$\therefore k = 0$

**৭। $x > y$ এবং $z < 0$ হলে নিচের কোনটি সঠিক?**

ক. $xz > yz$ খ. $\frac{x}{z} > \frac{y}{z}$

গ. $\frac{z}{x} < \frac{z}{y}$ ঘ. $xz < yz$

**ব্যাখ্যা:** $x > y$

বা, $\frac{1}{x} < \frac{1}{y}$

বা, $\frac{z}{x} < \frac{z}{y}$ (উভয় পক্ষে $z$ গুণ করে)

$\therefore xz < yz$

**৮। একটি আয়তক্ষেত্রের দৈর্ঘ্য প্রস্থের দ্বিগুণ আয়ক্ষেত্রটির ক্ষেত্রফল 1250 বর্গমিটার হলে এর দৈর্ঘ্য কত?**

ক. 30 মি. খ. 40 মি. গ. 50 মি. ঘ. 60 মি.

**ব্যাখ্যা:** ধরি, আয়তক্ষেত্রের প্রস্থ $x$ মিটার

আয়তক্ষেত্রের দৈর্ঘ্য $2x$ মিটার

আয়তক্ষেত্রটির ক্ষেত্রফল $= 2x^2$ বর্গমিটার

প্রশ্নমতে, $2x^2 = 1250$

বা, $x^2 = \frac{1250}{2}$

বা, $x^2 = 625$

$\therefore x = 25$

দৈর্ঘ্য $= 2x = 2 \times 25 = 50$ মিটার

**৯। নিম্নের কোনটি বৃত্তের সমীকরণ?**

ক. $ax^2 + bx + c = 0$ খ. $y^2 = ax$

গ. $x^2 + y^2 = 16$ ঘ. $y^2 = 2x + 7$

**ব্যাখ্যা:** আমরা জানি, বৃত্তের কেন্দ্র $(a, b)$ এবং ব্যাসার্ধ $r$ হলে বৃত্তের সমীকরণ হবে,

$= (x - a)^2 + (y - b)^2 = r^2$

এখানে, $P = 0,\ q = 0$ এবং $r = 4$ হলে

সমীকরণটি হতে পাই, $x^2 + y^2 = 16$

**১০। $a - \frac{1}{a} = 3$ হলে $a^3 + \frac{1}{a^3}$ এর মান কত?**

ক. 9 খ. 18 গ. 27 ঘ. 36

**নোটঃ প্রশ্নটিতে মান ভুল আছে।**

**ব্যাখ্যা:** $a^3 + \frac{1}{a^3} = \left(a + \frac{1}{a}\right)^3 - 3\left(a + \frac{1}{a}\right)$

$= (3)^3 - 3.3$

$= 27 - 9 = 18$

**অতএব, দেখা যাচ্ছে যদি মান $a - \frac{1}{a} = 3$ এর পরিবর্তে $a + \frac{1}{a} = 3$ হয়, তবে অপশন 'খ' নং সঠিক হতো। আবার যদি, $a^3 + \frac{1}{a^3}$ এর পরিবর্তে $a^3 - \frac{1}{a^3}$ হতো তবে অপশন 'ঘ' নং উত্তর 36 হতো।**

**১১। $log_{a}\left(\frac{m}{n}\right) =$ কত?**

ক. $log_a m - log_a n$ খ. $log_a m + log_a n$

গ. $log_a m \times log_a n$ ঘ. কোনটিই নয়

**ব্যাখ্যা:** $log_a\left(\frac{m}{n}\right) = log_a m - log_a n$

উত্তর

০৫. খ
০৬. ঘ
০৭. ঘ
০৮. গ
০৯. গ
১০. খ
১১. ক

**১২। $a + b = 7$ এবং $a^2 + b^2 = 25$ হলে নিচের কোনটি $ab$ এর মান হবে?**

ক. 12 খ. 10 গ. 6 ঘ. কোনটিই নয়

**ব্যাখ্যা:** দেওয়া আছে, $a + b = 7$

বা, $a^2 + b^2 = 25$

বা, $(a + b)^2 - 2ab = 25$

বা, $(7)^2 - 2ab = 25$

বা, $2ab = 49 - 25$

বা, $2ab = 24$

$\therefore ab = 12$

**অংকটি ৫ সেকেন্ডে সমাধান করুন:**


| | |
|---|---|
| $\frac{n^2-m}{2}$ <br> $= \frac{(7)^2-25}{2}$ <br> $= \frac{49-25}{2} = 12$ | যেখানে, <br> $n = a + b$ <br> $m = a^2 + b^2$ |

**১৩। দুটি সন্নিহিত কোণের সমষ্টি দুই সমকোণ হলে একটিকে অপরটির কী বলে?**

ক. সন্নিহিত কোণ খ. সরল কোণ

গ. পুরক কোণ ঘ. সম্পূরক কোণ

**ব্যাখ্যা:** চিত্রে, $\angle ABO$ এবং $\angle OBC$ সন্নিহিত কোণ। **সম্পূরক কোণের সংজ্ঞা অনুযায়ী দুটি সন্নিহিত কোণের সমষ্টি দুই সমকোণ হলে কোণ দুটির একটি কে অপরটির সম্পূরক কোণ বলে।**





**১৪। বৃত্তের কেন্দ্র ছেদকারী জ্যা-কে কী বলা হয়?**

ক. ব্যাস খ. ব্যাসার্ধ

গ. বৃত্তচাপ ঘ. পরিধি

**ব্যাখ্যা: বৃত্তের বৃহত্তম জ্যা-ই হচ্ছে বৃত্তের ব্যাস। চিত্রে $O$ কেন্দ্র বিশিষ্ট $ABC$ বৃত্তের কেন্দ্রগামী জ্যা হচ্ছে $AC$, যাকে সংজ্ঞা অনুযায়ী ব্যাস বলে।**




**১৫। ৩, ৯ ও ৪ এর চতুর্থ সমানুপাতিক কত?**

ক. ৪ খ. ১৪ গ. ১৬ ঘ. ১২

**ব্যাখ্যা:** এখানে, ১ম রাশি = ৩

২য় রাশি = ৯

৩য় রাশি = ৪

১ম রাশি × ৪র্থ রাশি = ২য় রাশি × ৩য় রাশি

বা, ৩ × ৪র্থ রাশি = ৯×৪

বা, ৪র্থ রাশি = $\frac{৩৬}{৩}$

∴ ৪র্থ রাশি = ১২

**অংকটি ২০ সেকেন্ডে সমাধান করুন:**

ধরি, $P$ = ৩, $Q$ = ৯, $R$ = ৪, $S$ =?

$\therefore \frac{P}{Q} = \frac{R}{S}$

বা, $\frac{৩}{৯} = \frac{৪}{S}$

বা, ৩S = ৩৬

∴ S = $\frac{৩৬}{৩}$ = ১২

**১৬। ১৩$\frac{৩}{৪}$ % এর সমান-**

ক. $\frac{১১}{৮০}$ খ. $\frac{১১}{২০}$ গ. $\frac{১}{৯}$ ঘ. $\frac{১}{৮}$

**ব্যাখ্যা:** ১৩$\frac{৩}{৪}$ %

= $\frac{৫৫}{৪}$ %

= $\frac{৫৫}{৪\times১০০}$

= $\frac{৫৫}{৪০০}$ = $\frac{১১}{৮০}$

**১৭। $3x^3 + 2x^2 - 21x - 20$ রাশিটির একটি উৎপাদক হচ্ছে-**

ক. $x + 2$ খ. $x - 2$

গ. $x + 1$ ঘ. $x - 1$

**ব্যাখ্যা:** ধরি, $\int(x) = 3x^2 + 2x^2 - 21x - 20$

$\therefore \int(-1) = 3(-1)^2 + 2(-1)^2 - 21(-1) - 20 = 0$

যেহেতু $x$ এর পরিবর্তে $-1$ বসালে প্রদত্ত রাশিটির মান শূন্য $(0)$ হবে,

অতএব, $x - (-1)$ বা, $x + 1$ হলো প্রদত্ত রাশিটির একটি উৎপাদক।

**উত্তর**

১২. ক

১৩. ঘ

১৪. ক

১৫. ঘ

১৬. ক

১৭. গ

**১৮। কোন ত্রিভূজের বাহুগুলোর অনুপাত নিচের কোনটি হলে একটি সমকোণী ত্রিভূজ অংকন সম্ভব হবে?**

ক. ৬ : ৫ : ৪  খ. ৩ : ৪ : ৫
গ. ১২ : ৮ : ৪  ঘ. ৬ : ৪ : ৩

**ব্যাখ্যা: অপশন টেস্টের মাধ্যমে সহজে সমাধান করুন:**

ক. ৪² + ৫² ≠ ৬²  খ. ৩² + ৪² = ৫²
গ. ৪² + ৮² ≠ ১২²  ঘ. ৩² + ৪² ≠ ৬²

**সুতরাং দেখা যাচ্ছে, অপশন 'খ' তে শর্ত মিলছে।**

**১৯। একটি মিনারের পাদদেশ হতে 20 মিটার দূরের একটি স্থান হতে মিনারটির শীর্ষবিন্দুর উন্নতি কোণ 30° হলে মিনারটির উচ্চতা কত?**

ক. $20\sqrt{3}$ মিটার  খ. $\frac{20}{\sqrt{3}}$ মিটার
গ. 20 মিটার  ঘ. $10\sqrt{3}$ মিটার


**ব্যাখ্যা:** ধরি, মিনারটির উচ্চতা $AB = h$

চিত্রানুযায়ী, $tan30° = \frac{AB}{BC}$

বা, $\frac{1}{\sqrt{3}} = \frac{h}{20}$

বা, $h\sqrt{3} = 20$

$\therefore h = \frac{20}{\sqrt{3}}$




**অংকটি ৫ সেকেন্ডে সমাধান করুন:**

শীর্ষ বিন্দুর উন্নতি কোণ দেওয়া থাকলে,

(পাদদেশ হতে দূরত্ব ÷ $\sqrt{3}$)

$= 20 \div \sqrt{3} = \frac{20}{\sqrt{3}}$

**২০। দুটি ত্রিভূজ পরস্পর সর্বসম হওয়ার জন্য নিচের কোন শর্তটি যথেষ্ট নয়?**

ক. একটির তিনবাহু অপরটির তিন বাহুর সমান
খ. একটির তিন কোণ অপরটির তিন কোণের সমান
গ. একটির দুই বাহু ও এক বাহু অপরটির দুই বাহু ও অনুরূপ
ঘ. একটির দুই বাহু ও অন্তর্ভূক্ত কোণ অপরটির দুই বাহু ও অন্তর্ভূক্ত কোণের সমান

**ব্যাখ্যা:** অপশন 'ক', 'গ' ও 'ঘ' এর বিদ্যমান শর্ত গুলো দুটি ত্রিভূজ পরস্পর সর্বসম হওয়ার জন্য যথেষ্ট। কিন্তু অপশন 'খ' তে বিদ্যমান শর্তটি দুটি ত্রিভূজ পরস্পর সর্বসম হওয়ার জন্য যথেষ্ট নয়।

## ৩১তম BCS

**১। কোনটি সবচেয়ে ছোট ?**

ক. $\frac{২}{১১}$  খ. $\frac{৩}{১১}$  গ. $\frac{২}{১৩}$  ঘ. $\frac{৪}{১৫}$

ব্যাখ্যা : $\frac{২}{১১} \times \frac{৩}{১১}$ = ২২ < ৩৩ যা $\frac{২}{১১}$ ছোট

$\frac{২}{১১} \times \frac{২}{১৩}$ = ২৬ > ২২ যা $\frac{২}{১৩}$ ছোট

$\frac{২}{১৩} \times \frac{৪}{১৫}$ = ৩০ < ৫২ যা $\frac{২}{১৩}$ ছোট

সুতরাং, $\frac{২}{১৩}$ সবচেয়ে ছোট

**২। যদি $\frac{Q}{P} = \frac{1}{4}$ হয়, তবে $\frac{P+Q}{P-Q}$ এর মান ?**

ক. $\frac{5}{3}$  খ. $\frac{2}{3}$  গ. $\frac{3}{5}$  ঘ. $\frac{5}{7}$

**ব্যাখ্যা:** দেওয়া আছে,

$\frac{Q}{P} = \frac{1}{4} \Rightarrow \frac{P+Q}{P-Q} = \frac{4+1}{4-1}$ | যোজন-বিয়োজন করে

$\therefore \frac{P+Q}{P-Q} = \frac{5}{3}$

**৩। রহিম, করিম এবং গাজী তিন জনে একটি কাজ করতে পারে যথাক্রমে 15,6 এবং 10 দিনে। তাহারা একত্রে তিন জনে কাজটি কত দিনে শেষ করতে পারবে ?**

ক. 21 দিনে  খ. 18 দিনে
গ. 7 দিনে  ঘ. 15 দিনে

**নোট : প্রদত্ত সঠিক উত্তর নেই। সঠিক উত্তর হবে 3।**

ব্যাখ্যা : টেকনিক : যদি দুই বা তিন ততোধিক জন একত্রে১টি কাজ করার সময় চায় তবে,

$$= \frac{1}{\frac{1}{\text{১ম জনের সময়}} + \frac{1}{\text{২য় জনের সময়}} + \frac{1}{\text{৩য় জনের সময়}}}$$

$$= \frac{1}{\frac{1}{15}+\frac{1}{6}+\frac{1}{10}} = \frac{1}{\frac{2+5+3}{30}} = \frac{1}{\frac{10}{30}} = \frac{30}{10} = 3$$

**৪। কোনো সংখ্যার 40% এর সাথে 42 যোগ করলে ফলাফল হবে ঐ সংখ্যাটি, উহা কত ?**

ক. 70  খ. 80  গ. 90  ঘ. 75

ব্যাখ্যা : ধরি, সংখ্যাটি $x$

শর্তমতে, $x \times 40\% + 42 = x$

$\Rightarrow \frac{x\times40}{100} + 42 = x$

$\Rightarrow x - \frac{40x}{100} = 42$

উত্তর
১৮. খ
১৯. ক
২০. খ
০১. গ
০২. ক
০৩. নোট
০৪. ক

$\Rightarrow \frac{100x-40x}{100} = 42$

$\Rightarrow \frac{60x}{100} = 42$

$\Rightarrow 60x = 100 \times 42$

$\Rightarrow x = \frac{100\times42}{60}$

$\therefore x = 70$

**৫। কোনো সংখ্যার 60% থেকে 60 বিয়োগ করলে ফলাফল হবে 60। তবে সংখ্যাটি কত ?**

ক. 250 খ. 100 গ. 200 ঘ. 300

**ব্যাখ্যা:** ধরি, সংখ্যাটি $x$

শর্তমতে, $x \times 60\% - 60 = 60$

$\Rightarrow \frac{60x}{100} - 60 = 60$

$\Rightarrow \frac{60x}{100} = 60 + 60$

$\Rightarrow \frac{60x}{100} = 120$

$\Rightarrow 60x = 1200$

$\Rightarrow x = \frac{1200}{60}$

$\therefore x = 200$

**৬। $\log 2^{\left(\frac{1}{32}\right)}$ এর মান -**

ক. $\frac{1}{25}$ খ. $-5$ গ. $\frac{1}{5}$ ঘ. $\frac{-1}{5}$

**ব্যাখ্যা:** $\log 2^{\left(\frac{1}{32}\right)} = \log 2^{\left(\frac{1}{25}\right)}$

$= \log_2 \left(\frac{1}{2^5}\right)$

$= \log_2 2^{-5}$

$= -5\log 2^2$

$= -5.1 = -5$

**৭। যদি একটি রম্বসের কর্ণদ্বয় যথাক্রমে 4cm এবং 6cm হয়,তবে রম্বসের ক্ষেত্রেফল কত ?**

ক. 6 খ. 8 গ. 12 ঘ. 24

**ব্যাখ্যা:** আমরা জানি, রম্বসের ক্ষেত্রফল

$= \frac{1}{2} \times$ কর্ণদ্বয়ের গুনফল

$= \frac{1}{2} \times 4\text{cm} \times 6\text{cm}$

$= 12\text{cm}^2$

**৮। $(4x^2 - 16)$ এবং $6x^2 + 24x + 24$ এর গ. সা.গু**

ক. $x + 2$ খ. $x + 4$

গ. $x - 2$ ঘ. $2(x + 2)$

ব্যাখ্যা : ১ম রাশি $= 4x^2 - 16$

$= 4(x^2 - 4)$

$= 2.2(x + 2)(x - 2)$

২য় রাশি $= 6x^2 + 24x + 24$

$= 6(x^2 + 4x + 4)$

$= 2.3(x + 2)^2$

$\therefore$ নির্ণেয় গ. সা.গু $=2(x + 2)$

**৯। $x^3 - x^2$ কে $x - 2$ দ্বারা ভাগ করলে অবশেষে থাকবে-**

ক. 2 খ. 4 গ. $-6$ ঘ. $-8$

**ব্যাখ্যা:** x-2=0 ,x=2

এখানে, $\int(x) = x^3 - x^2$

$\therefore \int(2) = 2^3 - 2^2$

$= 8 - 4$

$= 4$ (অবশেষে থাকবে)

**১০। যদি $a^2 + \frac{1}{a^2} = 51$ হয়, তবে $a - \frac{1}{a}$ এর মান কত?**

ক. $\pm9$ খ. $\pm7$ গ. $\pm5$ ঘ. $\pm3$

ব্যাখ্যা : $a^2 + \frac{1}{a^2} = 51$

$\Rightarrow \left(a - \frac{1}{a}\right)^2 + 2a.\frac{1}{a} = 51$

$\Rightarrow \left(a - \frac{1}{a}\right)^2 = 51 - 2$

$\Rightarrow \left(a - \frac{1}{a}\right)^2 = 49$

$\Rightarrow a - \frac{1}{a} = \pm7$

**১১। দুইটি সংখ্যার যোগফল 48 এবং তাদের গুনফল 4 ও 2 তবে বড় সংখ্যাটি কত ?**

ক. 36 খ. 37 গ. 38 ঘ. 40

ব্যাখ্যা : ধরি, সংখ্যাটি $= x$

$\therefore$ অপর সংখ্যাটি $= (48 - x)$

প্রশ্নমতে , $x(48 - x) = 432$

$\Rightarrow 48x - x^2 - 432 = 0$

$\Rightarrow -x^2 + 48x - 432 = 0$

$\Rightarrow x^2 - 48x + 432 = 0$

উত্তর

০৫. গ
০৬. খ
০৭. গ
০৮. ঘ
০৯. খ
১০. খ
১১. ক

$\Rightarrow x^2 - 36x - 12x + 432 = 0$
$\Rightarrow x(x-36) - 12(x-36) = 0$
$\Rightarrow (x-36)(x-12) = 0$
or $x - 36 = 0$ | এবং $x - 12 = 0$
$\therefore x = 36$ | $\therefore x = 12$
যেহেতু প্রশ্নে বড় সংখ্যাটি চেয়েছে
$\therefore x = 36$

**১২। $\int(x) = x^3 - 2x + 10$ হলে $\int(0)$ কত ?**
ক. 1 খ. 5 গ. 8 ঘ. 10

ব্যাখ্যা: $\int(x) = x^3 - 2x + 10$
$\therefore \int(0) = 0^3 - 2.0 + 10$
$= 10$

**১৩। যদি দুইটি সংখ্যার যোগফল এবং গুনফল যথাক্রমে 20 এবং 96 হয়, তবে সংখ্যা দুইটির ব্যস্তানুপাতিক যোগফল কত হবে ?**
ক. $\frac{1}{8}$ খ. $\frac{1}{6}$ গ. $\frac{3}{4}$ ঘ. $\frac{5}{24}$

ব্যাখ্যা :
শর্তমতে, সংখ্যা দুইটির যোগফল $a + b = 20$
" " গুনফল $ab = 96$
সংখ্যা দুইটি ব্যস্তানুপাতিক হলে, $\frac{1}{a} + \frac{1}{b} = \frac{b+a}{ab}$
$= \frac{20}{96} = \frac{5}{24}$

**১৪। $(x-4)^2 + (y+3)^2 = 100$ বৃত্তের কেন্দ্রীয় স্থানাংক কত ?**
ক. (0,0) খ. (4,-3)
গ. (-4,3) ঘ. (10,10)

ব্যাখ্যা:
$(x-4)^2 + (y+3)^2 = 100$
বা, $\{x-(4)\}^2 + \{y-(-3)\}^2 = (10)^2$

**যেহেতু $a^2 + b^2 = r^2$ হলো বৃত্তের সমীকরন**

$\therefore$ সুতরাং, উপরি উক্ত সমীকরণের বৃত্তের কেন্দ্রের স্থানাংঙ্ক হবে $(4, -3)$

**১৫। একটি ত্রিভুজকৃতি মাঠের বাহুগুলোর দৈর্ঘ্য যথাক্রমে $20\ m, 21m$ এবং $29m$ হলে এর ক্ষেত্রফল কত ?**
ক. $200cm^2$ খ. $210cm^2$
গ. $290cm^2$ ঘ. $300cm^2$

ব্যাখ্যা: এখানে,
পরিসীমা $(s) = \frac{20+21+29}{2} = 35$
$\therefore$ ক্ষেত্রফল $= \sqrt{s(s-a)(s-b)(s-c)}m^2$
$= \sqrt{35(35-20)(35-21)(35-29)}\ m^2$
$= \sqrt{35 \times 15 \times 14 \times 6}\ m^2$
$= \sqrt{5 \times 7 \times 3 \times 5 \times 2 \times 7 \times 2 \times 3}\ m^2$
$= \sqrt{5^2 \times 7^2 \times 3^2 \times 2^2}\ m^2$
$= (5 \times 7 \times 3 \times 2)\ m^2$
$= 210m^2$

**১৬। 0, 1, 2 এবং 3 দ্বারা গঠিত চার অংকের বৃহত্তম এবং ক্ষুদ্রতম সংখ্যার বিয়োগফল-**
ক. 3147 খ. 2287
গ. 2987 ঘ. 2187

ব্যাখ্যা: এখানে,
চার অংকের বৃহত্তম সংখ্যা হলো =3210
চার অংকের ক্ষুদ্রতম সংখ্যা হলো =1023
বিয়োগফল = 2187

**১৭। যদি $(64)^{\frac{2}{3}} + (625)^{\frac{1}{2}} = 3k$ হয়, তবে $k$ এর মান-**
ক. $9\frac{2}{3}$ খ. $11\frac{1}{3}$ গ. $12\frac{2}{3}$ ঘ. $13\frac{2}{3}$

ব্যাখ্যা: $(64)^{\frac{2}{3}} + (625)^{\frac{1}{2}} = 3k$
বা, $(4^3)^{\frac{2}{3}} + (25^2)^{\frac{1}{2}} = 3k$
বা, $4^2 + 25^1 = 3k$
বা, $16 + 25 = 3k$
বা, $41 = 3k$
$\therefore k = \frac{41}{3}$ বা, $13\frac{2}{3}$

**১৮। $3x - 7y + 10 = 0$ এবং $y - 2x - 3 = 0$ এর সমাধান-**
ক. $x = 1, y = -1$ খ. $x = 1, y = 1$
গ. $x = -1, y = -1$ ঘ. $x = -1, y = 1$

উত্তর
১২. ঘ
১৩. ঘ
১৪. খ
১৫. খ
১৬. ঘ
১৭. ঘ
১৮. ঘ

ব্যাখ্যা: এখানে, $3x - 7y + 10 = 0$

বা, $3x - 7y = -10$---------$(i)$

আবার, $y - 2x - 3 = 0$

বা, $-2x + y = 3$----------$(ii)$

$(i)$নং 2কে এবং $(ii)$নং কে 3 দ্বারা গুণ করে যোগ করি,

$6x - 14y = -20$

$-6x + 3y = 9$

$-11y = -11$

$\therefore y = 1$

এখানে $y$ এর মান $(i)$ নং এ বসাই

$3x - 7.1 = -10$

বা, $3x = -10 + 7$

বা, $3x = -3$

$\therefore x = -1$

$\therefore (x, y)$ এর মান $(-1,1)$

**১৯। যদি $a + b = 2, ab = 1$ হয়, তবে $a$ এবং $b$ এর মান যথাক্রমে-**

ক. $(o, 2)$ খ. $(1,1)$

গ. $(-1,3)$ ঘ. $(-3,-4)$

ব্যাখ্যা: $a + b = 2$---------$(i)$

বা, $(a + b)^2 = 2^2$ **বর্গ করে**

বা, $(a - b)^2 + 4ab = 4$

বা, $(a - b)^2 + 41 = 4 \mid ab = 1$

বা, $(a - b)^2 = 4 - 4$

বা, $(a - b)^2 = 0$

$\therefore a - b = 0$-------- $(ii)$

$(i)$ ও $(ii)$ নং যোগ করি

$a + b = 2$

$a - b = 0$

$2a = 2$

$\therefore a = 1$

আবার, বিয়োগ করি

$a + b = 2$

$a - b = 0$

$(-)\ (+)\ (-)$

$2b = 2$

$\therefore b = 1$

$\therefore a$ ও $b = (1,1)$

**২০। $1^2 + 2^2 + 3^2 + \cdots\cdots + x^2$ এর মান কত?**

ক. $\frac{x(x+1)(2x+1)}{6}$ খ. $\frac{x(x+1)}{2}$

গ. $x$ ঘ. $\left\{\frac{x(x+1)}{2}\right\}^2$

ব্যাখ্যা: $1^2 + 2^2 + 3^2 + \cdots\cdots + x^2$

$= \frac{x(x+1)(2x+1)}{6}$

[যেখানে $x$ সংখ্যক স্বাভাবিক সংখ্যার বর্গের সমষ্টি]

আবার, $1^2 + 2^2 + 3^2 + \cdots\cdots + n^2$

$= \frac{n(n+1)(2n+1)}{6}$

[$n$ তম সংখ্যক স্বাভাবিক সংখ্যার বর্গের সমষ্টি]

## ৩২তম BCS

**১। $x$ এবং $y$ উভয়ই বিজোড় সংখ্যা হলে কোনটি জোড় সংখ্যা হবে ?**

ক. $x + y + 1$ খ. $xy$

গ. $xy + 2$ ঘ. $x + y$

ব্যাখ্যা : **অপশন টেস্টের মাধ্যমে করুন,**

ধরি, $x$ ও $y$ এর মান ১ ধরলে অপশন 'ক' তে

$x + y + 1 = 3 = 1+1+1 = 3$ (বিজোড়)

'খ' তে $xy = 1.1 = 1$ (বিজোড়)

'গ' তে $xy + 2 = 1.1+2 = 3$ (বিজোড়)

'ঘ' তে $x + y = 1+1 = 2$ (জোড়)

**অতএব, বলা যায়, সাধারণ দুটি বিজোড় সংখ্যার যোগফল জোড় সংখ্যা হবে।**

**২। ৭ সে.মি. ব্যাসার্ধ বিশিষ্ট বৃত্তের অন্তর্লিখিত বর্গক্ষেত্রের ক্ষেত্রফল কত ?**

ক. ৯৮ বর্গ সে.মি. খ. ৪৯ বর্গ সে.মি.

গ. ১৯৬ বর্গ সে.মি. ঘ. ১৪৬ বর্গ সে. মি.

ব্যাখ্যা : ধরি, বর্গক্ষেত্রের এক বাহুর দৈর্ঘ্য = $a$

$\therefore$ বর্গক্ষেত্রের কর্নের দৈর্ঘ্য = $\sqrt{2}a$

এবং বর্গক্ষেত্রের ক্ষেত্রফল = $a^2$

প্রশ্নমতে, $\sqrt{2}a$= ৭ × ২

$\Rightarrow (\sqrt{2}a)^২ = (১৪)^২$

$\Rightarrow ২a^2 = ১৯৬$

$\Rightarrow a^2 = \frac{১৯৬}{২}$

$\therefore a^2 = ৯৮$

**৩। কোনো ত্রিভূজের তিনটি বাহুকে বর্ধিত করলে উৎপন্ন বহিঃস্থ কোন তিনটির সমষ্টি কত ?**

ক. ১৮০° খ. ১৫০° গ. ২৭০° ঘ. ৩৬০°

উত্তর

১৯. খ

২০. ক

০১. ঘ


০২. ক

০৩. ঘ

ব্যাখ্যা : $\angle x$ কোণের বহিঃস্থকোন = $180° - \angle A$

$\angle y$ " " = $180° - \angle B$

$\angle z$ " " = $180° - \angle C$




$\therefore \angle x + \angle y + \angle z$

$= 540° - (\angle A + \angle B + \angle C)$

$= 540° - 180°$

$= 360°$

**৪। ১, ৩, ৬, ১০, ১৫, ২১ ................ধারাটির দশম পদ কত ?**

ক. ৪৫ খ. ৫৫ গ. ৬২ ঘ. ৬৫

ব্যাখ্যা: ২য় পদ, ১ + ২ = ৩

৩য় পদ, ৩ + ৩ = ৬

৪র্থ পদ, ৬ + ৪ = ১০

৫ম পদ, ১০ + ৫ = ১৫

৬ষ্ঠ পদ, ১৫ + ৬ = ২১

৭ম পদ, ২১ + ৭ = ২৮

৮ম পদ, ২৮ + ৮ = ৩৬

৯ম পদ, ৩৬ + ৯ = ৪৫

১০ম পদ, ৪৫ + ১০ = ৫৫

অতত্রব , দেখা যাচ্ছে, সিরিজটি ২, ৩, ৪, ৫, ৬, ৭, ৮, ৯, ১০ এভাবে বৃদ্ধি পেয়ে ১০ম পদ ৫৫ হয়েছে।

**৫। $\frac{\sqrt{2}}{\sqrt{6}+2}$ = কত ?**

ক. $\sqrt{3} + \sqrt{2}$ খ. $3 - \sqrt{2}$

ঘ. $\sqrt{3} - \sqrt{2}$ ঘ. $\sqrt{3} + 2$

ব্যাখ্যা : $\frac{\sqrt{2}}{\sqrt{6}+2} = \frac{\sqrt{2}(\sqrt{6}-2)}{(\sqrt{6}+2)(\sqrt{6}-2)}$

$= \frac{2\sqrt{3}-2\sqrt{2}}{(\sqrt{6})^2-(2)^2}$

$= \frac{2(\sqrt{3}-\sqrt{2})}{6-4}$

$= \frac{2(\sqrt{3}-\sqrt{2})}{2} = \sqrt{3} - \sqrt{2}$

**৬। $x^2 - 8x - 8y + 16 + y^2$এর সাথে কত যোগ করলে যোগফল একটি পূর্ণ বর্গ হবে ?**

ক. $4xy$ খ. $2xy$ গ. $6xy$ ঘ. $8xy$

ব্যাখ্যা: $x^2 - 8x - 8y + 16 + y^2$

$= x^2 + y^2 + (-4)^2 + 2xy + 2.x(-4) + 2.y(-4) - 2xy$

$= x^2 + y^2 + (-4)^2 + 2xy - 8y - 8x - 2xy$

$= (x + y - 4)^2 - 2xy$

**অতএব, প্রদত্ত রাশিটির সাথে $2xy$ যোগ করলে যোগফল একটি পূর্ণ বর্গ সংখ্যা হবে।**

**৭। টাকায় ৩টি করে লেবু কিনে টাকায় ২টি করে বিক্রি করলে শতকরা কত লাভ হবে ?**

ক. ৫০% খ. ২০% গ. ৩০% ঘ. ৩৩%

**ব্যাখ্যা:** টাকায় ৩ হলে ১ টির ক্রয় মূল্য = $\frac{১}{৩}$ টাকা

আবার, টাকায় ২ " ১ " বিক্রয়মূল্য = $\frac{১}{২}$ টাকা

∴ লাভ হয় = $\frac{১}{৩} - \frac{১}{২} = \frac{১}{৬}$ টাকা

$\frac{১}{৩}$ টাকা লাভ হয় $\frac{১}{৬}$ টাকা

∴ ১০০ " " " $\frac{৩ \times ১০০}{৬}$ টাকা

= ৫০ টাকা

**৮। বৃত্তের ব্যাস তিনগুন বৃদ্ধি পেলে ক্ষেত্রফল কতগুন বৃদ্ধি পাবে ?**

ক. ৩ গুন খ. ৯ গুন

খ. ১২ গুন ঘ. ১৬ গুন

ব্যাখ্যা : ধরি, বৃত্তের ব্যাসার্ধ = $r$

" ব্যাস = $2r$

শর্তমতে, বৃত্তের ব্যাস 3 গুন বৃদ্ধি করলে হয় = $3r$

∴ ক্ষেত্রফল বৃদ্ধি পায় = $\pi(3r)^2$

$= 9\pi r^2$

$= 9 \times$ (১ম বৃত্তের ক্ষেত্রফল)

$= 9$

**৯। একটি গাড়ির চাকা প্রতি মিনিটে ৯০ বার ঘুরলে ১ সেকেন্ডে চাকাটি কত ডিগ্রী ঘুরবে ?**

ক. ১৮০° খ. ২৭০° গ. ৩৬০° ঘ. ৫৪০°

**ব্যাখ্যা:**

চাকাটি প্রতি মিনিট বা ৬০ সেকেন্ডে ঘোরে ৯০ বার

∴ " " " " ১ " " $\frac{৯০}{৬০}$

= $\frac{৩}{২}$ বার

আবার, ১ বার ঘুরলে চাকাটি ৩৬০° ঘোরে

∴ $\frac{৩}{২}$ ,, ,, ,, (৩৬০° × $\frac{৩}{২}$ )

= ৫৪০°

উত্তর

০৪. খ

০৫. গ

০৬. খ

০৭. ক

০৮. খ


০৯. ঘ

**অংকটি ৫ সেকেন্ডে সমাধান করুন:**

চাকাটি ঘোরে = $\frac{৩৬০° \times ৯০°}{৬০}$ = ৫৪০° ডিগ্রী

**১০। ABCD চতুর্ভূজে AB∥CD, AC = BD এবং <A = 90° হলে,সঠিক চতুর্ভূজ কোনটি ?**

ক. সামান্তরিক  খ. রম্বস
গ. ট্রাপিজিয়াম  ঘ. আয়তক্ষেত্র




ব্যাখ্যা : যে চতুর্ভূজের বিপরীত বাহুদ্বয় পরস্পর সমান ও সমান্তরাল এবং কোনগুলো সমকোণ হলে তাকে আয়তক্ষেত্র বলে। সংজ্ঞানুসারে বিপরীত বাহু ও কর্ণদ্বয় যদি পরস্পর সমান হয়, তবে তাহলে, AB = CD এবং BC = AD, কর্ণ AC = কর্ণ BD। এবং প্রত্যেক কোণ সমকোণ অর্থ্যাৎ ∠A = ∠B = ∠C= ∠D=90° হবে।
অতত্রব চতুর্ভূজটি একটি আয়তক্ষেত্র।

**১১। কোন ভগ্নাংশটি ক্ষুদ্রতম ?**

ক. $\frac{৫}{৬}$  খ. $\frac{১২}{১৫}$  গ. $\frac{১১}{১৪}$  ঘ. $\frac{১৭}{২১}$

ব্যাখ্যা: $\frac{৫}{৬} \times \frac{১২}{১৫}$=৭৫ >৭২ যা $\frac{১২}{১৫}$ ক্ষুদ্রতম

$\frac{১২}{১৫} \times \frac{১১}{১৪}$= ১৬৮ >১৬৫ যা $\frac{১১}{১৪}$ ক্ষুদ্রতম

$\frac{১১}{১৪} \times \frac{১৭}{২১}$= ২৩১ <২৩৮ যা $\frac{১১}{১৪}$ ক্ষুদ্রতম

**সুতরাং, $\frac{১১}{১৪}$ ভগ্নাংশটি ক্ষুদ্রতম ।**

**১২। পরপর তিনটি সংখ্যার গুণফল ১২০ হলে তাদের মোট যোগফল কত?**

ক. ৯  খ. ১৪  গ. ১৫  ঘ. ১০

ব্যাখ্যা: ১২০ এর গুণীয়ক গুলো-১,২,৩, ৪,৫,৬, ৮, ১০,১২,১৫,২০,৪০,৬০ ও ১২০।
অতএব, এখানে দেখা যাচ্ছে, ৪,৫,৬ সংখ্যা তিনটি গুণফল করলে ১২০ হত, সুতরাং ৪,৫,৬ এর যোগফল ৪+৫+৬=১৫

**১৩। ০.৪৭° কে সাধারণ ভগ্নাংশে পরিণত করলে কত হবে?**

ক. $\frac{৪৭}{৯০}$  খ. $\frac{৪৩}{৯০}$  গ. $\frac{৪৩}{৯৯}$  ঘ. $\frac{৪৭}{৯৯}$

ব্যাখ্যা: ০.৪৭° কে ভগ্নাংশ করলে পাই = $\frac{৪৭-৪}{৯০}$
= $\frac{৪৩}{৯০}$

**১৪। $x^2 - y^2 + 2y - 1$ এর একটি উৎপাদক-**

ক. $x^2 + y^2 + 1$  খ. $x - y$
গ. $x + y - 1$  ঘ. $x - y - 1$

ব্যাখ্যা : $x^2 - y^2 + 2y - 1$
$\Rightarrow x^2 - (y-1)^2$
$\Rightarrow (x + y - 1)\ (x - y + 1)$

**১৫। $\log_2 8$ = কত ?**

ক. 4  খ. 3  গ. 2  ঘ. 1

ব্যাখ্যা: $\log_2 8$
$\Rightarrow \log_2 2^3 \Rightarrow 3\log_2 2$ = 3.1= 3

**১৬। $x^3 + x^2y, x^2y + xy^2$ এর ল.সা.গু কোনটি?**

ক. $xy$  খ. $x + y$
গ. $xy(x + y)$  ঘ. $x^2y(x + y)$

ব্যাখ্যা: ১ম রাশি $x^3 + x^2y \Rightarrow x^2(x + y)$
২য় রাশি $x^2y + xy^2 \Rightarrow xy(x + y)$
∴ ল.সা.গু. = $x^2y(x + y)$

**১৭। একটি আয়তাকার ঘরের দৈর্ঘ্য প্রস্থ অপেক্ষা ৪ মিটার বেশি। ঘরটির পরিসীমা ৩২ মিটার হলে ঘরটির দৈর্ঘ্য কত?**

ক. ৬ মিটার  খ. ১০ মিটার  গ. ১৮ মিটরি  ঘ. ১২ মিটার

ব্যাখ্যা: ধরি প্রস্থ $x$ মিটার, দৈর্ঘ্য ($x$+৪) মিটার
শর্তমতে, ২ ($x$ +৪+ $x$) = ৩২
⇒২ (২$x$ +৪) = ৩২
⇒৪$x$+ ৮ = ৩২
⇒৪$x$ = ৩২− ৮
⇒৪$x$ = ২৪
∴ $x$ = ৬ মিটার
দৈর্ঘ্য = $x$ + ৪ = ৬ + ৪ = ১০ মিটার

**১৮। একটি সমবাহু ত্রিভূজের বাহুর প্রত্যেকটির দৈর্ঘ্য ২ মিটার বাড়ালে এর ক্ষেত্রফল $3\sqrt{3}$ বর্গ মিটার বেড়ে যায়। সমবাহু ত্রিভূজের বাহুর দৈর্ঘ্য কত ?**

ক. ১ মিটার  খ. ২ মিটার
গ. ৩ মিটার  ঘ. ৪ মিটার

উত্তর

১০. ঘ
১১. গ
১২. গ
১৩. খ
১৪. গ
১৫. খ
১৬. ঘ
১৭. খ
১৮. খ

ব্যাখ্যা : সমবাহু ত্রিভুজের ক্ষেত্রফল $= \frac{\sqrt{3}}{4}\ a^2$

দৈর্ঘ্য ২ মিটার বাড়লে দৈর্ঘ্য $(a+2)$ মিটার

$\therefore$ সমবাহু ত্রিভুজের ক্ষেত্রফল $\frac{\sqrt{3}}{4}\ (a+2)^2$

প্রশ্নমতে , $\frac{\sqrt{3}}{4}\ (a+2)^2 - \frac{\sqrt{3}}{4}\ a^2 = 3\sqrt{3}$

$\Rightarrow \frac{\sqrt{3}}{4}\ (a^2+4a+4-a^2) = 3\sqrt{3}$

$\Rightarrow \frac{\sqrt{3}}{4}\ (4a+4) = 3\sqrt{3}$

$\Rightarrow \frac{\sqrt{3}}{4}\ 4(a+1) = 3\sqrt{3}$

$\Rightarrow a+1 = 3$

$\Rightarrow a = 3-1$

$\therefore a = 2$

**১৯। $x - \frac{1}{x} = 7$ হলে, $x^3 - (\frac{1}{x})^3$এর মান কত ?**

ক. 334 খ. 154 গ. 364 ঘ. 512

ব্যাখ্যা: $x^3 - \left(\frac{1}{x}\right)^3$

$= \left(x - \frac{1}{x}\right)^3 + 3x.\frac{1}{x}(x - \frac{1}{x})$

$= (7)^3 + 3.7$

$= 343 + 21$

$= 364$

**অংকটি ৫ সেকেন্ডে সমাধান করুন:**

$(\text{প্রদত্তমান})^3 + 3(\text{প্রদত্তমান})$

$= (7)^3 + 3.7$

$= 343 + 21 = 364$

**২০। সেট A $=\{x \in N: x^2 > 8,\ x^3 < 30\}$হলে $x$ এর সঠিক মান কোনটি ?**

ক. 2 খ. 3 গ. 4 ঘ. 5

ব্যাখ্যা: A $=\{x \in N: x^2 > 8,\ x^3 < 30\}$

এখানে,

$x = 2$ হলে, $2^2 = 4 < 8$ শর্ত পুরন হয়নি

$x = 3$ হলে, $3^2 = 9 < 8$ শর্ত পুরন হয়নি

$x = 4$ হলে, $4^2 = 16 > 8$ শর্ত পুরন হয়নি

$3^3 = 27 < 30$ শর্ত পুরন হয়েছে

$4^3 = 64 < 30$ শর্ত পুরন হয়নি

## ৩৩তম BCS

**১। তিন সদস্যের একটি বির্তক দলের সদস্যদের গড় বয়স ২৪ বছর যদি কোন সদস্যের বয়সই ২১ বছরের নিচে না হয়, তবে তাদের কোনো একজনের সর্বোচ্চ বয়স কত হতে পারে ?**

ক. ২৫ খ. ৩০ গ. ২৮ ঘ. ৩২

ব্যাখ্যা:

৩ জন সদস্যের বয়সের গড়=(২৪×৩)=৭২ বছর

৩ জন সদস্যের সর্বনিম্ন বয়স=২১×৩=৬৩ বছর

বয়সের পার্থক্য= ৯ বছর

$\therefore$ একজন সদস্যের সর্বোচ্চ বয়স = ২১+৯= ৩০

**বিকল্প গানিতিক পদ্ধতি ঃ**

তিন সদস্যসহ তাদের বয়সের গড় (২৪×৩)=৭২ বছর

$\therefore$ একজনের সর্বোচ্চ বয়স = ৭২−(২×২১)

= ৭২−৪২

= ৩০ বছর

**২। $(\sqrt[3]{3} \times \sqrt[3]{4})^6$ = কত ?**

ক. 12 খ. 48 গ. 86 ঘ. 144

ব্যাখ্যা: $(\sqrt[3]{3} \times \sqrt[3]{4})^6$

$= \left(3^{\frac{1}{3}} \times 4^{\frac{1}{3}}\right)^6$

$= 3^2 \times 4^2 = 9 \times 16 = 144$

**৩। একটি সমকোনী ত্রিভুজের লম্ব ভূমি অপেক্ষা ২ সেমি ছোট, কিন্তু অতিভুজ ভূমি অপেক্ষা ২সেমি বড়, অতিভুজের দৈর্ঘ্য কত ?**

ক. ১০ সে.মি খ. ৮ সে.মি গ. ৪ সে.মি ঘ. ৬ সে.মি

ব্যাখ্যা: ধরি, ভূমি $x$ সেমি

$\therefore$ লম্ব $= x - 2$ সেমি

$\therefore$ অতিভুজ $= x + 2$ সেমি

**পিথাগোরাসের সুত্র অনুযায়ী পাই,**

$x^2 + (x-2)^2 = (x+2)^2$

বা, $x^2 + x^2 - 4x + 4 = x^2 + 4x + 4$

বা, $x^2 - 8x = 0$

বা, $x - 8 = 0$

$\therefore x = 8$

$\therefore$ অতিভুজ $= x + 2 = 8 + 2 = 10$

উত্তর

১৯. গ

২০. খ

০১. খ

০২. ঘ

০৩. ক

৪। **M সংখ্যক সংখ্যার গড় $x$ এবং $n$ সংখ্যক সংখ্যার গড় y হলে সব সংখ্যার গড় কত ?**

ক. $\frac{x+y}{mn}$ খ. $\frac{x+y}{m+n}$

গ. $\frac{mx+ny}{m+n}$ ঘ. $\frac{mx+ny}{mn}$

ব্যাখ্যা: M সংখ্যক সংখ্যার সমষ্টি $= mx$

$n$ সংখ্যক সংখ্যার সমষ্টি $= ny$

$\therefore$ সংখ্যা গুলোর গড় $= \frac{mx+ny}{m+n}$

**অংকটি ১০ সেকেন্ডে সমাধান করুন:**

$$\frac{n1a1+n2a2}{n1+n2} = \frac{(m\times x)+(n\times y)}{m+n} = \frac{mx+ny}{m+n}$$

৫। **যদি $\left(\frac{a}{b}\right)^{x-3} = \left(\frac{b}{a}\right)^{x-5}$ হয়, তবে $x$এর মান কত?**

ক. 8 খ. 3 গ. 5 ঘ. 4

ব্যাখ্যা: $\left(\frac{a}{b}\right)^{x-3} = \left(\frac{b}{a}\right)^{x-5}$

বা, $\left(\frac{a}{b}\right)^{x-3} = \left(\frac{a}{b}\right)^{5-x}$

বা, $x-3 = 5-x$

বা, $x+x = 5+3$

বা, $2x = 8$

বা, $x = \frac{8}{2}$

$\therefore x = 4$

উভয় পক্ষথেকে ভিত্তি একই তাই বাদ দেওয়া হয়েছে।

**বিকল্প গানিতিক যুক্তি ঃ**

$\left(\frac{a}{b}\right)^{x-3} = \left(\frac{b}{a}\right)^{x-5}$

বা, $x-3 = -(x-5)$

বা, $x-3 = x+5$

বা, $x+x = 5+3$

বা, $2x = 8$

$\therefore x = 4$

**বিকল্প গানিতিক যুক্তি ঃ**

$\left(\frac{a}{b}\right)^{x-3} = \left(\frac{b}{a}\right)^{x-5}$

বা, $\left(\frac{a}{b}\right)^{x-3} = \left(\frac{a^{-1}}{b}\right)^{x-5}$

বা, $\left(\frac{a}{b}\right)^{x-3} = \left(\frac{a}{b}\right)^{-(x-5)}$

বা, $\left(\frac{a}{b}\right)^{x-3} = \left(\frac{a}{b}\right)^{-x+5}$

বা, $x-3 = -x+5$

বা, $x+x = 5+3$

বা, $2x = 8$

$\therefore x = 4$

৬। **$\sqrt[3]{\sqrt[3]{a^3}}$ = কত ?**

ক. $a$ খ. 1 গ. $a^{\frac{1}{3}}$ ঘ. $a^3$

ব্যাখ্যা: $\sqrt[3]{\sqrt[3]{a^3}} = \sqrt[3]{a^{\frac{1}{3}}.3} = a^{\frac{1}{3}}$

**বিকল্প গানিতিক যুক্তি :**

$$\sqrt[3]{3}_{\sqrt{a^3}} = \sqrt[3]{(a^3)^{\frac{1}{3}}} = \sqrt[3]{a} = a\frac{1}{3}$$

৭। **$4^x+4^x+4^x+4^x$ এর মান নিচের কোনটি ?**

ক. $16^x$ খ. $4^{4x}$ গ. $2^{2x+2}$ ঘ. $2^{8x}$

ব্যাখ্যা: $4^x+4^x+4^x+4^x$

$= 4.\,4^x$

$= 2^2.\,2^{2x}$

$= 2^{2x+2}$

**বিকল্প গানিতিক যুক্তি:**

$4^x+4^x+4^x+4^x$

$= (2^2)^x + (2^2)^x + (2^2)^x + (2^2)^x$

$= 2^{2x} + 2^{2x} + 2^{2x} + 2^{2x}$

$= 8.\,2^x$

$= 2^2.\,2^{2x}$

$= 2^{2x+2}$

৮। **যদি সেট A= {5, 15, 20, 30} এবং B = {3, 5, 15, 20} হয়, তবে নিচের কোনটি $A \cap B$ নির্দেশ করবে ?**

ক. {3,18,30} খ. {3,5,15,18,20,30}

গ. {3,15,30} ঘ. কোনটিই নয়।

ব্যাখ্যা:A ∩ B = {5,15,20,30} ∩ {3,5,15,20}

= {5,15,20}

উত্তর

০৪. গ

০৫. ঘ

০৬. গ

০৭. গ

০৮. ঘ

**৯। রকিব সাহেব ৩,৭৩,৮৯৯ টাকা ব্যাংকে রাখলেন $৭\frac{১}{২}$ বছর পর তিনি আসল টাকার $১\frac{১}{৪}$ অংশ সুদ পেলেন। ব্যাংকের সুদের হার কত ?**

ক. $১২\frac{১}{২}$ % খ. $১৬\frac{১}{৩}$ %

গ. $৮\frac{১}{৩}$ % ঘ. $১১\frac{১}{৯}$ %

**ব্যাখ্যা:** মোট সুদ ($১\frac{১}{৪}$ এর ৩৭৩৮৯৯)

= ৪৬৭৩৭৩.৭৫ টাকা

সুদের হার = $\frac{\text{মোট সুদ} \times ১০০}{\text{আসল} \times \text{সময়}}$

= $\frac{৪৬৭৩৭৩.৭৫ \times ১০০}{৩৭৩৮৯৯ \times ৭.৫}$

= $১৬\frac{২}{৩}$ %

এখানে,
$৭\frac{১}{২} = \frac{১৫}{২} = ৭.৫$

**১০। নিচের কোনটি $(\sqrt{5} - \sqrt{3})$ এর সমান ?**

ক. $\sqrt{2}$ খ. $\frac{1}{2(\sqrt{5}-\sqrt{3})}$

গ. $\frac{1}{\sqrt{5}} + \frac{1}{\sqrt{3}}$ ঘ. $\frac{2}{\sqrt{3}+\sqrt{5}}$

**ব্যাখ্যা:** $\sqrt{5} - \sqrt{3} = \frac{(\sqrt{5}-\sqrt{3})(\sqrt{5}+\sqrt{3})}{\sqrt{5}+\sqrt{3}}$

$= \frac{5-3}{\sqrt{5}+\sqrt{3}}$

$= \frac{2}{\sqrt{5}+\sqrt{3}}$

**১১। ৫ জন তাঁত শ্রমিক ৫ দিনে ৫টি কাপড় বুনতে পারে একই ধরনের ৭টি কাপড় বুনতে ৭ জন শ্রমিকের কত দিন লাগবে ?**

ক. ৫দিন খ. $\frac{২৫}{৪৯}$ দিন

গ. $\frac{৪৯}{২৫}$ দিন ঘ. ৭দিন

**ব্যাখ্যা:** ৫ জন তাতঁ শ্রমিক ৫টি কাপড় বুনে ৫দিনে

∴ ৭ জন " " ৭ " " " $\frac{৫\times৫\times৭}{৭\times৫}$

= ৫ দিন

**১২। $36.2^{3x-8} = 3^2$ হলে $x$ এর মান কত ?**

ক. $\frac{7}{3}$ খ. 3 গ. $\frac{8}{3}$ ঘ. 2

ব্যাখ্যা: $36.2^{3x-8} = 3^2$

$\Rightarrow 36.2^{3x-8} = 9$

$\Rightarrow 2^{3x-8} = \frac{9}{36}$

$\Rightarrow 2^{3x-8} = \frac{1}{4}$

$\Rightarrow 2^{3x-8} = \frac{1}{2^2}$

$\Rightarrow 2^{3x-8} = 2^{-2}$

$\Rightarrow 3x - 8 = -2$

$\Rightarrow 3x = 6$

$\therefore x = 2$

**১৩। একটি ত্রিভূজের দুটি কোণের পরিমান ৩৫° ও ৫৫°। ত্রিভূজটি কোন ধরনের ?**

ক. সমকোণী খ. সমবাহু

গ. সমদ্বিবাহু ঘ. স্থুলকোণী

**ব্যাখ্যা:** ত্রিভূজের ৩ কোনের সমষ্টি দুই সমকোন। ত্রিভূজের তৃতীয় কোণের পরিমাপ

= ১৮০° − (৫৫° + ৩৫°)

= ৯০°, সুতরাং সমকোণী

**অংকটি ৫ সেকেন্ডে সমাধান করুন:**

কোণ দুটি হবে = ৩৫° + ৫৫°

= ৯০° বা ১ সমকোণ

**১৪। $(x - y, 3) = (0, x + 2y)$ হলে $(x, y)$ = কত ?**

ক. (1,1) খ. (1,3)

গ. (−1,−1) ঘ. (−3,1)

ব্যাখ্যা: এখানে,

$x - y = 0$ ——— (i)

$x + 2y = 3$ ——— (ii)

**(ii) নং হতে (i) নং বিয়োগ করি,**

$x + 2y = 3$

$x - y = 0$

(−) (+) (−)

$3y = 3$

$\therefore y = 1$

**$y$ এর মান (ii) নং বসালে পাই,**

$\Rightarrow x + 2y = 3$

$\Rightarrow x + 2.1 = 3$

$\Rightarrow x + 2 = 3$

$\therefore x = 1$

$\therefore (x, y) = (1, 3)$

উত্তর

০৯. খ

১০. ঘ

১১. ক

১২. ঘ

১৩. ক

১৪. ক

**১৫। $\frac{x}{y}$ এর সাথে কত যোগ করলে যোগফল $\frac{y}{x}$ হবে?**

ক. $\frac{x^2-y^2}{xy}$ খ. $\frac{2x^2-y^2}{xy}$

গ. $\frac{y^2-x^2}{xy}$ ঘ. $\frac{x^2-2y^2}{xy}$

**ব্যাখ্যা:** প্রশ্নমতে, $\frac{y}{x} - \frac{x}{y} = \frac{y^2-x^2}{xy}$

**১৬। একটি আয়তাকার ঘরের প্রস্থ তার দৈর্ঘ্যর $\frac{২}{৩}$ অংশ। ঘরটির পরিসীমা ৪০ মিটার হলে তার ক্ষেত্রফল কত ?**

ক. ৬০ বর্গ মিটার খ. ৯৬ বর্গ মিটার

গ. ৭২ বর্গ মিটার ঘ. ৬৪ বর্গ মিটার

**ব্যাখ্যা:** ধরি, ঘরটির দৈর্ঘ্য ৩$x$ মিটার

∴ প্রস্থ = ৩$x$ × $\frac{২}{৩}$ ⇒ ২$x$ মিটার

পরিসীমা = ২(৩$x$ + ২$x$) = ১০$x$ মিটার

প্রশ্নমতে, ১০$x$ = ৪০

⇒ $x$ = $\frac{৪০}{১০}$

∴ $x$ = ৪ মিটার

∴ ঘরটির ক্ষেত্রফল = ৩$x$ × ২$x$

= ৩×৪×২×৪

= ৯৬ বর্গ মিটার

**১৭। ৩ সে.মি. ৪ সে.মি. ও ৫ সে.মি. বাহুবিশিষ্ট তিনটি ঘনক গলিয়ে নতুন একটি ঘনক তৈরি করা হলো। নতুন ঘনকের বাহুর দৈর্ঘ্য কত হবে ?**

ক. ৭.৫ সে.মি খ. ৬.৫ সে.মি

গ. ৬ সে.মি ঘ. ৭ সে.মি

**ব্যাখ্যা:** আমরা জানি,

ঘনকের আয়তন = (বাহু)$^৩$

প্রথমে ঘনকের ক্ষেত্রে = (৩)$^৩$

= ২৭ সে.মি

দ্বিতীয় " = (৪)$^৩$ ⇒ ৬৪ সে.মি

তৃতীয় " = (৫)$^৩$ ⇒ ১২৫ সে.মি

∴ নতুন ঘনকের আয়তন

= ২৭ + ৬৪ + ১২৫ = ২১৬ সে.মি

ধরি, নতুন ঘনকের দৈর্ঘ্য $x$ হলে $x^3$= ২১৬

⇒ $x$ = (২১৬)$^৩$

∴ $x$ = ৬

**১৮। একটি রম্বসের কর্ণদ্বয়ের দৈর্ঘ্য ৮ সে.মি ও ৯ সে.মি.। এই রম্বসের ক্ষেত্রফলের সমান ক্ষেত্রফল বিশিষ্ট বর্গক্ষেত্রের পরিসীমা কত ?**

ক. ২৪ সে.মি খ. ১৮ সে.মি

গ. ৩৬ সে.মি ঘ. ১২ সে.মি

**ব্যাখ্যা:** আমরা জানি, রম্বসের ক্ষেত্রফল,

= $\frac{1}{2}$ × কর্ণদ্বয়ের গুনফল

= $\frac{1}{2}$ × ৮ × ৯ =৩৬

ধরি, বর্গক্ষেত্রের এক বাহুর দৈর্ঘ্য = a

∴ $a^2$ = ৩৬ ⇒ $a$ = $\sqrt{৩৬}$ =৬

∴ বর্গক্ষেত্রটির পরিসীমা = ৪$a$

= ৪ × ৬

= ২৪

## ৩৪তম BCS

**১। কোন সংখ্যার ০.১° ভাগ এবং ০.১ ভাগের মধ্যে পার্থক্য ১.০ হলে সংখ্যাটি কত?**

ক. ১০ খ. ৯ গ. ৯০ ঘ. ১০০

**ব্যাখ্যা:** ধরি, সংখ্যাটি $x$

এখানে ০.১° = $\frac{১}{৯}$ এবং ০.১ = $\frac{১}{১০}$

প্রশ্নমতে, $\frac{x}{৯}$ - $\frac{x}{১০}$ = ১

বা, $\frac{১০x-৯x}{৯০}$ = ১

বা, $\frac{x}{৯০}$ = ১

∴ x = ৯০

**২।** $\frac{5^{n+2}+35\times5^{n-1}}{4\times5^{n}}$

ক. 4 খ. 8 গ. 5 ঘ. 7

**ব্যাখ্যা:** $\frac{5^{n+2}+35\times5^{n-1}}{4\times5^{n}}$

$= \frac{5^n.5^2+35\times5^n.1/5}{4\times5^n}$

$= \frac{5^n(25+7)}{4\times5^n} = \frac{32}{4} = 8$

**৩। A= {1, 2, 3}, B= ∅ হলে A∪B = কত?**

ক. {1, 2, 3} খ. {1, 2, ∅}

গ. {2, 3, ∅} ঘ. ∅

উত্তর

১৫. ক
১৬. খ
১৭. গ
১৮. ক

০১. গ
০২. খ
০৩. ক

**ব্যাখ্যা:** দেওয়া আছে, $A= \{1, 2, 3\}$, $B= \emptyset$

প্রশ্নমতে, $A\cup B$

$= \{1, 2, 3\}\cup \{\emptyset\}$

$= \{1, 2, 3\}$

**৪। $x+y = 2$, $x^2+y^2= 4$ হলে, $x^3+y^3$ = কত?**

ক. 8 খ. 9 গ. 16 ঘ. 25

**ব্যাখ্যা:** আমরা জানি, $x^2+y^2= (x+y)^2-2xy$

বা, $4 = (2)^2-2xy$

বা, $4 - 4 = 2xy$

বা, $2xy = 0$

বা, $xy = \frac{0}{2}$ $\therefore xy = 0$

প্রশ্নমতে, $x^3+y^3 = (x+y)^3-3xy\,(x+y)$

$= (2)^3-3.0.2$

$= 8-0$

$= 8$

**অঙ্কটি ১ মিনিটে সমাধান করুন:**

দেওয়া আছে, $x+y = 2$ .............. (i)

$x^2 + y^2 = 4$ ............ (ii)

(ii) নং হতে পাই, $x^2 + y^2= 4$

বা, $(x+y)^2-2xy = 4$

বা, $(2)^2-2xy =4$ (i) নং মান বসিয়ে

বা, $2xy = 4-4$

বা, $2xy = 0$

$\therefore xy = 0$

$\therefore x^3+y^3 = (x+y)^3-3xy\,(x+y)$

$= (2)^3-3.0.2 = 8$

**৫। তিনটি ক্রমিক সংখ্যার গুনফল তাদের যোগফলের ৫গুন । সংখ্যা তিনটিন গড় কত?**

ক. ৬ খ. ৩ গ. ৫ ঘ. ৪

**ব্যাখ্যা:** ধরি, সংখ্যা তিনটি

যথাক্রমে $x, x+1, x-1$

প্রশ্নমতে, $x(x+1)(x-1)= 5(x+x+1+x-1)$

বা, $x\,(x^2-1) = 5\times3x$

বা, $x\,(x^2-1) = 15x$

বা, $x^2-1 = \frac{15x}{x}$

বা, $x^2-1 = 15$

বা, $x^2 = 16$ $\therefore x = 4$

**অঙ্কটি ২০ সেকেন্ড সমাধান করুন:**

$x+1 = 4+1 = 5$

$x -1 = 4 -1 = 3$

$\therefore$ সংখ্যা তিনটির গড় $= \frac{3+4+5}{3} = \frac{12}{3} = 4$

**৬। একটি বৃত্তের পরিধি ও ক্ষেত্রফল যথাক্রমে ১৩২ সেন্টিমিটার ও ১৩৮৬ বর্গ সেন্টিমিটার । বৃত্তটির বৃহত্তম জ্যা এর দৈর্ঘ্য কত?**

ক. ৬৬ সেন্টিমিটার খ. ৪২ সেন্টিমিটার

গ. ২১সেন্টিমিটার ঘ. ২২সেন্টিমিটার

**ব্যাখ্যা:** আমরা জানি, বৃত্তের পরিধি= $২\pi r$

এবং ,, ক্ষেত্রফল = $\pi r^২$

প্রশ্নমতে, $\frac{\pi r^2}{2\pi r} = \frac{১৩৮৬}{১৩২}$

বা, $\frac{r}{2} = \frac{১৩৮৬}{১৩২}$

বা, $r = \frac{১৩৮৬ \times ২}{১৩২}$

বা, $r = \frac{২৭৭২}{১৩২}$

$\therefore r = ২১$

$\therefore$ বৃত্তটির বৃহত্তম জ্যা এর দৈর্ঘ্য = ২r

= ২×২১= ৪২

**৭। একটি শ্রেণীতে যতজন ছাত্র-ছাত্রী আছে, প্রত্যেকে তত পয়সার চেয়ে আরও ২৫ পয়সা বেশি করে চাঁদা দেওয়ায় মোট ৭৫ টাকা উঠল। ঐ শ্রেণীতে ছাত্র-ছাত্রীর সংখ্যা কত?**

ক. ৭০ খ. ৮৫ গ. ৭৫ ঘ. ১০০

**ব্যাখ্যা:** ধরি, ছাত্র-ছাত্রীর সংখ্যা x জন

বেশি করে চাঁদা দেওয়ায় x + ২৫ পয়সা

প্রশ্নমতে, x(x +২৫)=৭৫×১০০

বা, $x^2$ +২৫ x = ৭৫০০

বা, $x^2$ +১০০ x −৭৫ x -৭৫০০= ০

বা, x (x +১০০) −৭৫(x +১০০)= ০

বা, (x +১০০) (x−৭৫) = ০

**হয়,** x +১০০= ০ | **অথবা,** x−৭৫= ০

বা, x = −১০০ | বা, x = ৭৫

[গ্রহনযোগ্য নহে]

উত্তর

০৪. ক

০৫. ঘ

০৬. খ

০৭. গ

**৮। মামুন 240 টাকায় একই রকম কতগুলি কলম কিনে দেখল যে, যদি সে একটি কলম বেশি পেত তাহলে প্রতিটির কলমের মূল্য 1 টাকা কম পড়ত। সে কতগুলি কলম কিনেছিল?**

ক. 13 টি খ. 14 টি গ. 15 টি ঘ. 16 টি

**ব্যাখ্যা:** ধরি, মামুন কলম কিনেছিল x টি

প্রতিটি কলমের মূল্য = $\frac{240}{x}$ টি

যদি ১টি কলম বেশি পেত, তবে কলমের মূল্য = $\frac{240}{x+1}$

প্রশ্নমতে, $\frac{240}{x} - \frac{240}{x+1} = 1$

বা, $\frac{240(x+1) - 240x}{x(x+1)} = 1$

বা, $240x+240- 240x = x^2+x$

বা, $240=x^2+x$

বা, $x^2+x-240 = 0$

বা, $x^2+16x-15x-240=0$

বা, $x(x+16)-15 (x+16) = 0$

বা, $(x+16) (x -15) = 0$

হয়, $x+16= 0$ অথবা, $x -15= 0$

$\therefore x = -16$ | $\therefore x = 15$

($x = -16$ গ্রহন যোগ্য নহে)

**৯। একটি পঞ্চভুজের সমষ্টি -**

ক. ৪ সমকোণ খ. ৬ সমকোণ

গ. ৮ সমকোণ ঘ. ১০ সমকোণ

**ব্যাখ্যা:** পঞ্চভুজের অন্ত:কোনের সমষ্টি

= ১৮০° (n-২)

= ১৮০° (৫-২)

= ১৮০°×৩

= ৫৪০° বা, ৬ সমকোণ

**১০। ঘড়িতে এখন ৮টা বাজে ঘন্টার কাঁটা ও মিনিটে কাঁটার মধ্যকার কোণটি হলো-**

ক. ১৫০° খ. ৬০°

গ. ৯০° ঘ. ১২০°

**ব্যাখ্যা:** মধ্যবর্তী কোণ = ৩৬০°- $\left(\frac{৬০ \times H-১১ \times M}{২}\right)^{\circ}$

= ৩৬০°- $\left(\frac{৬০ \times ৮-১১}{২}\right)^{\circ}$

= ৩৬০°- $\left(\frac{৪৮০}{২}\right)^{\circ}$

= ৩৬০°-২৪০° = ১২০°

**১১। ১৭ দিন আগে আব্দুর রহিম বলেছিল যে তার জন্মদিন আগামীকাল। আজ ২৩ তারিখ হলে তার জন্মদিন কোন তারিখে?**

ক. ৭ খ. ৮ গ. ৯ ঘ. ১০

**ব্যাখ্যা:** আজ ২৩ তারিখ হলে ১৭ দিন আগে

= (২৩-১৭) = ৬ তারিখ

∴ ৬ তারিখের পরের দিনটি ছিল আগামীকাল

∴ (৬+১) = ৭ তারিখে জন্মদিন

**১২। ০.০৩, ০.১২, ০.৪৮ শুন্যস্থানে সংখ্যাটি কত হবে?**

ক. ০.৯৬ খ. ১.৪৮ গ. ১.৯২ ঘ. ১.৫০

**ব্যাখ্যা:** এখানে, ০.০৩ × ৪ = ০.১২

৪ = ০.৪৮

= ১.৯২

প্রত্যেক পদের সাথে
৪ গুণ করা হয়েছে।

**...বাঁশ এমন ভাবে কেটে দু-ভাগ করা হলো যেন ছোট অংশ বড় অংশের দুই-তৃতীয়াংশ হয়, ছোট অংশের দৈর্ঘ্য কত ফুট?**

ক. ৬ খ. ৭ গ. ৮ ঘ. ১০

**ব্যাখ্যা:** ধরি, বড় অংশের দৈর্ঘ্য x ফুট

∴ ছোট ,, ,, x এর $\frac{২}{৩} = \frac{২x}{৩}$ অংশ ফুট

প্রশ্নমতে, $x + \frac{২x}{৩} = ২০$

বা, $\frac{৩x + ২x}{৩} = ২০$

বা, ৫x = ৬০

বা, $x = \frac{৬০}{৫}$

∴ x = ১২

∴ ছোট অংশের দৈর্ঘ্য = $\frac{২x}{৩} = \frac{২ \times ১২}{৩} = \frac{২৪}{৩} = ৮$

**১৪। একটি আয়তাকার কক্ষের ক্ষেত্রফল ১৯২ বর্গমিটার। এর দৈর্ঘ্য ৪ মিটার কমালে এবং প্রস্থ ৪ মিটার বাড়লে ক্ষেত্রফল অপরিবর্তিত থাকে। আয়তাকার কক্ষের সমান পরিসীমা বিশিষ্ট বর্গাকার কক্ষের ক্ষেত্রফল কত হবে?**

ক. ২২৫ বর্গমিটার খ. ১৪৪ বর্গমিটার

গ. ১৬৯ বর্গমিটার ঘ. ১৯৬ বর্গমিটার

উত্তর

০৮. গ

০৯. খ

১০. ঘ

১১. ক

১২. গ

১৩. গ

১৪. ঘ

**ব্যাখ্যা:** ধরি , দৈর্ঘ্য x মিটার এবং প্রস্থ y মিটার

শর্তমতে, xy = ১৯২ ∴ y (প্রস্থ) = $\frac{১৯২}{x}$ মিটার

প্রশ্নমতে, (x -৪) ($\frac{১৯২}{x}$ + ৪) = ১৯২

বা, (x −৪) ($\frac{১৯২+৪x}{x}$) = ১৯২

বা, (x−৪) (১৯২+৪x) = ১৯২x

বা, ১৯২x + ৪$x^2$−৭৬৮−১৬x−১৯২x = ০

বা, $x^2$ − ৪x−১৯২ = ০ [৪ দ্বারা ভাগ করে]

বা, $x^2$−১৬x + ১২x−১৯২ = ০

বা, x(x−১৬)+১২(x−১৬) = ০

বা, (x−১৬) (x+১২) = ০

হয়, x−১৬ = ০, | অথবা, x +১২ = ০

x = ১৬, | x = − ১২ [গ্রহনযোগ্য নহে]

∴ দৈর্ঘ্য = ১৬ মিটার এবং প্রস্থ $\frac{১৯২}{১৬}$ = ১২ মিটার

∴ পরিসীমা = ২ (দৈর্ঘ্য+ প্রস্থ) = ২ (১৬+১২) = ৫৬

সুতরাং বর্গের একবাহুর দৈর্ঘ্য = $\frac{৫৬}{৪}$ = ১৪ মিটার


∴ বর্গের ক্ষেত্রফল = $(১৪)^২$ বর্গমিটার

= ১৯৬ বর্গমিটার

**১৫। বিষমবাহু ∆*ABC* এর বাহুগুলির মান এমন ভাবে নির্ধারিত যে, *AD* মধ্যমা দ্বারা গঠিত ∆*ABD* এর ক্ষেত্রফল *x* বর্গমিটার। ∆*ABC* এর ক্ষেত্রফল কত?**

ক. $x^2$ বর্গমিটার খ. 2x বর্গমিটার

গ. $(\frac{x}{2})^2$ বর্গমিটার ঘ. $(\frac{\sqrt{x}}{3})^3$ বর্গ মি.




**ব্যাখ্যা:** বিষমবাহু ABC ত্রিভুজের BC বাহুর মধ্যমা AD. যেকোন ত্রিভুজের মধ্যমা ঐ ত্রিভুজকে সমদ্বিখণ্ডিত করে।

∆ABD=∆ADC = x

**(যেখানে x হলো মধ্যমা )**

∴ ∆ABC এর ক্ষেত্রফল

= ∆ABD এর ক্ষেত্রফল+ ∆ADC এর ক্ষেত্রফল = x + x

∴ ∆ABC এর ক্ষেত্রফল = 2*x* বর্গমিটার

## ৩৫তম BCS

**১। ৬০ লিটার ফলের রসে আম ও কমলার অনুপাত ২ : ১। কমলার রসের পরিমান কত লিটার বৃদ্ধি করলে অনুপাতটি ১:২ হবে?**

ক. ৪০ লি. খ. ৫০ লি. গ. ৬০ লি. ঘ. ৭০ লি.

**ব্যাখ্যা:** ধরি, কমলার রসের পরিমান x

আম ও কমলার রসের অনুপাতের যোগফল = ২+১ = ৩

∴ আমের রসের পরিমান = ৬০× $\frac{২}{৩}$ = ৪০লিটার

∴ কমলার রসের পরিমান = ৬০× $\frac{১}{৩}$ = ২০ লিটার

**কমলার রসের পরিমান x বৃদ্ধি করলে হয়,**

শর্তমতে, ৪০:(২০+ x) = ১:২

বা, $\frac{৪০}{২০+x} = \frac{১}{২}$

বা, ২০+ x = ৮০

বা, x = ৮০-২০

∴ x = ৬০

**অঙ্কটি ১০ সেকেন্ডে সমাধান করুন:**

অনুপাত বৃদ্ধি করতে হবে = $\frac{৬০×(২-১)}{১} = \frac{৬০×১}{১}$ = ৬০

**২। কলার দাম ২০% কমে যাওয়ায় ১২ টাকায় পূর্ব অপেক্ষা ২টি কলা বেশি পাওয়া গেলে বর্তমানে একটি কলার দাম কত?**

ক. ১.৫০টাকা খ. ২.৫০টাকা গ. ৩.০০টাকা ঘ. ১.২টাকা

**ব্যাখ্যা:** ১০০ টাকায় কমে = ২০ টাকা

∴ ১২ টাকায় কমে = $\frac{২০×১২}{১০০} = \frac{১২}{৫}$

২টি কলার দাম = $\frac{১২}{৫}$

∴ ১টি কলার দাম = $\frac{১২}{৫×২}$ = ১.২ টাকা

**৩। ৫০ জন লোকের মধ্যে ৩৫ জন ইংরেজি, ২৫ জন ইংরেজি ও বাংলা উভয়ই এবং প্রত্যেকেই দুইটি ভাষার অন্তত একটি ভাষায় কথা বলতে পারেন, বাংলা ভাষায় কত জন কথা বলতে পারেন?**

ক. ১০ জন খ. ১৫ জন গ. ৪০ জন ঘ. ৩০ জন

**ব্যাখ্যা:** ৫০ জনের মধ্যে শুধু ইংরেজিতে কথা বলতে পারে ৩৫ জন∴ বাংলায় কথা বলতে পারে (৫০-৩৫)= ১৫জন

∴ মোট বাংলায় কথা বলতে পারে= ২৫+১৫ =৪০জন

উত্তর
১৫. খ
০১. গ
০২. ঘ
০৩. গ

**অঙ্কটি ১০ সেকেন্ডে সমাধান করুন:**
শুধু ইংরেজিতে কথা বলতে পারে (৩৫-২৫) = ১০জন
∴ শুধু বাংলায় কথা বলতে পারে (৫০-১০) = ৪০ জন

**৪। ১০০ জন শিক্ষার্থীর পরিসংখ্যানে গড় নম্বর ৭০। এদের মধ্যে ৬০ জন ছাত্রীর গড় নম্বর ৭৫ হলে, ছাত্রদের গড় নম্বর কত?**

ক. ৬২.৫ খ. ৬৫.৫ গ. ২৫০০ ঘ. ২৬০০

**ব্যাখ্যা:** ১০০জন শিক্ষার্থীর পরিসংখ্যান
গড় নম্বর (১০০ × ৭০)
= ৭০০০
∴ ৬০ ,, ,, মোট নম্বর (৬০× ৭৫) = ৪৫০০
∴ ৪০জন ছাত্রের মোট নম্বর(৭০০০ − ৪৫০০) = ২৫০০
∴ ১ জন ছাত্রের মোট নম্বর = $\frac{২৫০০}{৪০}$ = ৬২.৫

**৫। CALCUTTA শব্দটির বর্ণগুলোকে একত্রে নিয়ে বিন্যাস সংখ্যা AMERICA শব্দটির বর্ণগুলো একত্রে নিয়ে বিন্যাস সংখ্যার কতগুন?**

ক. ২ খ. ৩ গ. ৪ ঘ. ৫

**ব্যাখ্যা:** CALCUTTA শব্দটির মোট বর্ণ
সংখ্যার C আছে ২টি।
∴ নির্ণেয় বর্ণগুলোর বিন্যাস
সংখ্যা = $\frac{8!}{2!\times 2!\times 2!}$
$= \frac{8\times7\times6\times5\times4\times3\times2}{2\times2\times2} = 5040$
এবং AMERICA শব্দটির মধ্যে A আছে ২টি,
∴ নির্ণেয় সংখ্যাগুলোর বিন্যাস সংখ্যা = $\frac{7!}{2!}$
$= \frac{7\times6\times5\times4\times3\times2}{2}$
= 2520
∴ বিন্যাস সংখ্যা = $\frac{5040}{2520}$ = 2 গুন

**৬। দুইটি সংখ্যার গ. সা.গু 11 এবং ল.সা.গু 7700। একটি সংখ্যা 275 হলে, অপর সংখ্যাটি কত?**

ক. 318 খ. 283 গ. 308 ঘ. 279

**ব্যাখ্যা:** শর্তমতে, অপর সংখ্যা = $\frac{11\times 7700}{275}$
= 308

**মনে রাখুন:** অপর সংখ্যা = $\frac{\text{ল.সা.গু} \times \text{গ.সা.গু}}{\text{একটি সংখ্যা}}$

**৭। x - y =2 এবং xy =24 হলে, x এর ধনাত্নক মানটি-**

ক. 3 খ. 4 গ. 5 ঘ. 6

**ব্যাখ্যা:** আমরা জানি, $(x+y)^2$
$= (x-y)^2 + 4xy$
$= (2)^2 + 4\times24$
= 4+96 = 100
এখানে, x + y = 10
x - y = 2
2 x = 12
∴ $x = \frac{12}{2} = 6$

**৮। $\frac{3}{x}+\frac{4}{x+1} = 2$ হলে, x এর মান কত-**

ক. 1 খ. 2 গ. 3 ঘ. 4

**ব্যাখ্যা:** $\frac{৩}{x}+\frac{৮}{x+১} = ২$
বা, $\frac{৩x+৩+৮x}{x(x+১)} = ২$
বা, ৭x+৩ = ২($x^2$+ x)
বা, ৭x +৩ = ২$x^2$+২x
বা, ২$x^2$-৭x +২x -৩=০
বা, ২$x^2$-৫x -৩=০
বা, ২$x^2$-৬x + x -৩=০
বা, ২x(x-৩)+১(x-৩)=০
বা, (x-৩)(২x +১)=০
∴ x = ৩ , ২x +১≠ ০

**৯। log 3 ($\frac{1}{9}$) এর মান কত?**

ক. 2 খ. -2 গ. 3 ঘ. -3

**ব্যাখ্যা:** **log 3 ($\frac{1}{9}$)** = log3 ($\frac{1}{3^2}$) = log3 ($3^{-2}$)
= $-2\log3^3$ = -2

**১০। ১৪ জন খেলোয়াড়ের মধ্য থেকে নির্দিষ্ট একজন অধিনায়ক সহ ১১ জনের একটি ক্রিকেট দল কত ভাবে বাছাই করা যায়?**

ক. ৭২৮ খ. ২৮৬ গ. ৩৬৪ ঘ. ১০০১

**ব্যাখ্যা:** একজন অধিনায়ক বাছাই করার পর বাকি

উত্তর
০৪. ক
০৫. ক
০৬. গ
০৭. ঘ
০৮. গ
০৯. খ
১০. খ

**(১৪-১) = ১৩ জন, এবং (১১-১) = ১০ জন নিয়ে**

বাছাই করা ১১ জনের দল গঠন করার উপায় = $13_{c_{10}}$

$= \frac{13!}{10!\times3!}$

$= \frac{13\times12\times11\times10!}{10!\times3\times2}$

$= \frac{13\times12\times11}{6} = 286$

**অঙ্কটি ১০ সেকেন্ডে সমাধান করুন:**

১১ জন নিয়ে ক্রিকেট দল গঠন করার উপায়,

$1_{c_1}\times13_{c_{10}} = \frac{13\times12\times11\times10!}{10\times(13-10)!}$ = ২৮৬

**১১। 2 সে. মি ব্যাসার্ধ বিশিষ্ট একটি বৃত্তের অন্তঃস্থ একটি বর্গক্ষেত্রের 4টি বাহু এবং বৃত্তটি দ্বারা আবদ্ধ অঞ্চলের ক্ষেত্রফল কত বর্গ সে.মি?**

ক. 4π- 8 খ. 2π - 4

গ. 4π + 8 ঘ. 2π + 4

**ব্যাখ্যা:** আমরা জানি,

বৃত্তের ক্ষেত্রফল = $\pi r^2$

$= \pi(2)^2$

$= 4\pi$ বর্গ সে.মি

∴ চতুর্ভুজের ক্ষেত্রফল = $\frac{(\text{কর্ণের দৈর্ঘ্য})^২}{২}$

$= \frac{(4)^2}{2} = \frac{16}{2} = 8$ **যেহেতু, বাহু = 4**

∴ আবদ্ধ অঞ্চলের

ক্ষেত্রফল = $(4\pi-8)$ বর্গ ঘন.মি.

**অঙ্কটি ১০ সেকেন্ডে সমাধান করুন:**

কর্ণের ক্ষেত্রফল $\sqrt{2}a = 4$

বা, $a^2 2 = 16$

বা, $a^2 = 8$

∴ আবদ্ধ অঞ্চলের ক্ষেত্রফল = $(4\pi-8)$

**১২। $\log a^x = 1$, $\log a^y = 2$ এবং $\log a^z = 3$ হলে $\log a^{\frac{x^3.y^2}{2}}$ এর মান কত?**

ক. 1 খ. 2 গ. 4 ঘ. 5

**ব্যাখ্যা:**

| এখানে, $\log a^x = 1$ | $\log a^y = 2$ | $\log a^z = 3$ |
|---|---|---|
| $ax = a^1$ | $y = a^2$ | $z = a^3$ |

$\therefore \log a\left(\frac{x^3.y^2}{z}\right) = \log a\left(\frac{a^3.(a^2)^2}{a^3}\right)$

$= \log_a\left(\frac{a^3.a^4}{a^3}\right)$

$= \log a^{a^4}$

$= 4.1 = 4$

**১৩। $|x-3| < 5$ হলে-**

ক. $2 < x < 8$ খ. $-2 < x < 8$

গ. $-8 < x < -2$ ঘ. $-4 < x < -2$

**ব্যাখ্যা:** অঋনাত্মক হলে $x-3 < 5$ ∴ $x < 8$

ঋনাত্মক হলে $-(x-3) < 5$

$= x-3 > -5$

$= x > -2$

অর্থাৎ $-2 < x < 8$

**১৪। একটি গুনোত্তর অনুক্রমের দ্বিতীয় পদটি - 48 এবং পঞ্চম পদটি $\frac{3}{4}$ হলে, সাধারন অনুপাত কত?**

ক. $\frac{1}{2}$ খ. $-\frac{1}{2}$ গ. $\frac{1}{4}$ ঘ. $-\frac{1}{4}$

**ব্যাখ্যা:** গুনোত্তর ধারা প্রথম পদ a, সাধারণ অনুপাত q হলে n তম পদ = $aq^{n-1}$

এখানে, দ্বিতীয় পদ $aq^{2-1} = -48$

বা, $aq = -48$

$\therefore a = -\frac{48}{q}$

আবার, পঞ্চম পদ = $aq^{5-1}$

$= aq^4$

$= \frac{-48}{q}.q^4$

$= -48q^3$

প্রশ্নমতে, $-48q^3 = \frac{3}{4}$ ***a* এর মান বসিয়ে পাই**

বা, $q^3 = -\frac{3}{192}$

বা, $q^3 = -\frac{1}{64}$

বা, $q^3 = (-\frac{1}{4})^3$

$\therefore q = -\frac{1}{4}$

উত্তর

১১. ক

১২. গ

১৩. খ

১৪. ঘ

**১৫। $x^{-3}$ −0.001= 0 হলে, $x^2$ এর মান কত?**

ক. 100 খ. $\frac{1}{10}$ গ. 10 ঘ. $\frac{1}{100}$

**ব্যাখ্যা:** $x^{-3}$-0.001=0

বা, $\frac{1}{x^3}$ - $\frac{1}{1000}$ = 0

বা, $\frac{1}{x^3} = \frac{1}{100}$

বা, $x^3$ = 100

বা, $x^3 = (10)^3$

∴ x = 10

∴ $(x)^2$ এর মান হবে, $(10)^2$ =100

## ৩৬তম BCS

**১। A ={$x$:$x$ মৌলিক সংখ্যা এবং $x \leq 5$} হলে, P(A) এর সদস্য সংখ্যা কত?**

ক. 8 খ. 7 গ. 6 ঘ. 3

**ব্যাখ্যা:** শর্তমতে, A ={2,3,5}

∴ P(A) এর উপাদান সংখ্যা = $2^3$

∴ A এর উপাদান সংখ্যা = 8

যেহেতু A এর উপাদান সংখ্যা 3

**২। দুটি সংখ্যার গুনফল ৩৩৮০ এবং গ.সা.গু ১৩ হলে সংখ্যা দুটির ল.সা.গু কত ?**

ক. ২৬০ খ. ৭৮০ গ. ১৬০ ঘ. ৪৯০

**ব্যাখ্যা:** সংখ্যা দুটির ল.সা.গু

= $\frac{\text{সংখ্যা দুটির গুনফল}}{\text{গ.সা.গু}}$

= $\frac{৩৩৮০}{১৩}$ = ২৬০

**৩। ৩৫০ টাকা দরে ৩ কেজি মিষ্টি কিনে ৪ টাকা হারে ভ্যাট দিলে মোট কত টাকা ভ্যাট দিতে হবে?**

ক. ১৪ টাকা খ. ৪২ টাকা

গ. ১২ টাকা ঘ. ১০৫ টাকা

**ব্যাখ্যা:** ৩ কেজি মিষ্টি ক্রয়মূল্য (৩৫০×৩)

= ১০৫০ টাকা

১০০ টাকায় ভ্যাট দিতে হয় ৪ টাকা

∴ ১০৫০ টাকায় ভ্যাট দিতে হয় = $\frac{৪\times১০৫০}{১০০}$

= ৪২

**৪। যদি তেলের মূল্য ২৫% বৃদ্ধি পায় তবে তেলের ব্যবহার শতকরা কত কমালে তেল বাবদ ব্যয় বৃদ্ধি পাবে না?**

ক. ১৬% খ. ২০% গ. ২৫% ঘ. ২৪%

**ব্যাখ্যা:** *অঙ্কটির সমাধান দেখুন ৪৯ পৃষ্ঠার ১০নং সমাধান।*

**৫। 12 টি পুস্তক থেকে 5 টি কত প্রকারে বাছাই করা যায়, যেখানে 2 টি পুস্তক সর্বদাই অন্তভুক্ত থাকবে ?**

ক. 252 খ. 792 গ. 224 ঘ. 120

**ব্যাখ্যা:** 12 টি পুস্তক হতে যদি 5 টি পুস্তক বাছাই করা যায়, যার মধ্যে 2 টি পুস্তক সর্বদাই অন্তর্ভুক্ত থাকে। তবে, $10_{c_{5-2}}$

$= 10_{c_3}$

$= \frac{10!}{3!(10-3)!} = \frac{10!}{3!7!} = \frac{10\times9\times8}{3\times2} = 120$

**৬। একটি বর্গক্ষেত্রের কর্ণের দৈর্ঘ্য $4\sqrt{2}$ একক হলে ঐ বর্গক্ষেত্রের ক্ষেত্রফল কত বর্গ একক ?**

ক. 24 খ. 8 গ. 16 ঘ. 32

**ব্যাখ্যা:** ধরি, বর্গক্ষেত্রের এক বাহুর দৈর্ঘ্য $a$

∴ বর্গক্ষেত্রের কর্ণ $= \sqrt{2}a$

∴ বর্গক্ষেত্রের ক্ষেত্রফল $= a^2$

দেওয়া আছে, ১ টি বর্গক্ষেত্রের কর্ণের দৈর্ঘ্য $4\sqrt{2}$

প্রশ্নমতে, $\sqrt{2}a = 4\sqrt{2}$

বা, $a = \frac{4\sqrt{2}}{\sqrt{2}}$

∴ $a = 4$

যেহেতু, বর্গক্ষেত্রের ১ বাহুর দৈর্ঘ্য $= a^2 = (4)^2$

$= 16$

**৭। আবহাওয়া অফিসের রিপোর্ট অনুযায়ী ২০১৫ সালের জুলাই মাসের ২য় সপ্তাহে বৃষ্টি হয়েছে মোট 5 দিন। ঐ সপ্তাহে বুধবার বৃষ্টি না হওয়ার সম্ভাবনা কত?**

ক. 1 খ. $\frac{5}{7}$ গ. $\frac{2}{7}$ ঘ. $\frac{1}{7}$

**ব্যাখ্যা:** যেহেতু ১ সপ্তাহ বা ৭ দিনের মধ্যে বৃষ্টি হয়েছে ৫ দিন তাহলে বৃষ্টি না হওয়ার সম্ভাবনা = $\frac{5}{7}$

∴ বৃষ্টি না হওয়ার সম্ভাবনা হবে = $1 - \frac{5}{7}$

$= \frac{7-5}{7} = \frac{2}{7}$

উত্তর

১৫. ক

০১. ক

০২. ক

০৩. খ

০৪. খ

০৫. ঘ

০৬. গ

০৭. গ

**৮। $1 + 3 + 5 + \text{-----} + (2x - 1)$ কত?**

ক. $x(x-1)$ খ. $\frac{x(x+1)}{2}$

গ. $x(x+1)$ ঘ. $x^2$

**ব্যাখ্যা:** এখানে ১ম পদ $(a) = 1$

সাধারন অন্তর $(d) = 3 - 1 = 2$

শেষ পদ $= 2x - 1$

পদ সংখ্যা $= \frac{\text{শেষ পদ} - \text{১ম পদ}}{\text{সাধারন অন্তর}} + 1$

$= \frac{(2x-1)-1}{2} + 1$

$= \frac{2x-1-1}{2} + 1$

$= \frac{2x-2}{2} + 1$

$= \frac{2(x-1)}{2} + 1$

$= x - 1 + 1$

$= x$

সমষ্টি $= \frac{\text{শেষ পদ} + \text{১ম পদ}}{২} \times$ পদ সংখ্যা

$= \frac{2x-1+1}{2} \times x$

$= \frac{2x}{2} \times x$

$= x^2$

**৯। $\log_{\sqrt{3}} 81$ কত ?**

ক. 4 খ. $27\sqrt{3}$ গ. 8 ঘ. $\frac{1}{8}$

**ব্যাখ্যা:** $\log_{\sqrt{3}} 81$

$= \log_{\sqrt{3}} (\sqrt{3})^8$

$= 8\log_{\sqrt{3}} \sqrt{3}$

$= 8.1 = 8$

**১০। যদি $(25)^{2x+3} = 5^{3x+6}$ হয় তবে $x =$ কত ?**

ক. 0 খ. 1 গ. $-1$ ঘ. 4

**ব্যাখ্যা:** $(25)^{2x+3} = (5)^{3x+6}$

বা, $(5^2)^{2x+3} = (5)^{3x+6}$

বা, $5^{4x+6} = 5^{3x+6}$

বা, $4x + 6 = 3x + 6$

বা, $4x - 3x = 6 - 6$

$\therefore x = 0$

**১১। $x - \frac{1}{x} = 1$ হলে $x^3 - \frac{1}{x^3}$ এর মান কত?**

ক. 1 খ. 2 গ. 3 ঘ. 4

**ব্যাখ্যা:** আমরা জানি,

$x^3 - \frac{1}{x^3} = \left(x - \frac{1}{x}\right)^3 + 3x\frac{1}{x}\left(x - \frac{1}{x}\right)$

$= (1)^3 + 3.1$

$= 1 + 3$

$= 4$

**অংকটি ৫ সেকেন্ডে সমাধান করুন:**

$(\text{প্রদত্তমান})^2 + 3(\text{প্রদত্তমান})$

$= 1 + 3 = 4$

**১২। $a - [a - \{a - (a - \overline{a - 1})\}] =$ কত?**

ক. 1 (খ) $-1$ গ. $a - 1$ ঘ. $a + 1$

**ব্যাখ্যা:** $a - [a - \{a - (a - \overline{a - 1})\}]$

$= a - [a - \{a - (a - a + 1)\}]$

$= a - [a - \{a - 1\}]$

$= a - [a - a + 1]$

$= a - 1$

**১৩। $\Delta ABC$ এ $\angle A = 40°, \angle B = 70°$ হলে $\Delta ABC$ কি ধরনের ত্রিভুজ ?**

ক. সমকোণী খ. স্থুলকোণী

গ. সমদ্বিবাহু ঘ. সমবাহু


**ব্যাখ্যা:** আমরা জানি,

$\Delta ABC$ এ $\angle A + \angle B + \angle C = 180°$

$= 40° + 70° + \angle C$

$= 180°$

$\therefore \angle C = 70°$




যেহেতু কোনটি 70° অতএব এটি সমদ্বিবাহু ত্রিভুজ ।

**নোট: কোন ত্রিভুজের দুইটি কোন একই হলে তার বিপরীত বাহু দুইটি পরস্পর সমান। অতএব, ত্রিভুজটি সমদ্বিবাহু ত্রিভুজ।**

**১৪। $x^2 + y^2 = 185, x - y = 3$ এর একটি সমাধান হলো ?**

ক. (7,4) খ. (9,6) গ. (10,7) ঘ. (11,8)

**ব্যাখ্যা:** $x^2 + y^2 = 185$

বা, $(x - y)^2 + 2xy = 185$

বা, $2xy = 185 - (3)^2$

উত্তর

০৮. ঘ
০৯. গ
১০. ক
১১. ঘ
১২. গ
১৩. গ
১৪. ঘ

বা, $2xy = 185 - 9$
বা, $2xy = 176$
$\therefore 4xy = 352$

উভয়ের সাথে ২ দ্বারা গুন করে

আবার, $x + y = \sqrt{(x-y)^2 + 4xy}$
$= \sqrt{(3)^2 + 352}$
$= \sqrt{9 + 352}$
$= \sqrt{361}$
$\therefore x + y = \sqrt{19 \times 19}$
$\therefore x + y = 19$

এখন, $x - y = 3$
$x + y = 19$
$2x = 22$ (যোগ করে)
$\therefore x = 11$

$x - y = 3$
$x + y = 19$
$2y = 16$
$\therefore y = 8$

$\therefore (x, y) = (11,8)$

**১৫। যদি $(25)^{2x+3} = 5^{3x+6}$ হয়,তবে x এর মান কত?**


ক. 0  খ. 1  গ. -1  ঘ. 4

**ব্যাখ্যা:** $(25)^{2x+3} = 5^{3x+6}$
বা, $(5^2)^{2x+3} = 5^{3x+6}$
বা, $5^{4x+6} = 5^{3x+6}$
বা, $4x+6 = 3x+6$
বা, $4x-3x = 6-6$
$\therefore x = 0$

**১৬। চিত্র অনুসারে O কেন্দ্র বিশিষ্ট বৃত্তে $\Delta ABC$ অন্তর্লিখিত $\angle y = 112^0$ হলে $\angle x$ = কত?**

ক. $68^0$  খ. $34^0$  গ. $45^0$  ঘ. $39^0$

**ব্যাখ্যা:** $\Delta BOC$ এর বহিস্থ:
$\angle AOB = \angle OBC + \angle OCB$
এখানে, $\angle AOB + Y = 180$
বা, $\angle DBC + \angle OCB + Y = 180^0$
বা, $x + x + y = 180^0$
বা, $2x = 180^0 - 112^0$
বা, $2x = 68^0$
বা, $x = \frac{68^\circ}{2}$
$\therefore x = 34^0$




## ৩৭ তম BCS

**১। 17 সেমি, 15 সেমি, 8 সেমি বাহুবিশিষ্ট ত্রিভুজটি হবে?**

ক. সমবাহু  খ. সমদ্বিবাহু
গ. সমকোণী  ঘ. স্থুলকোণী

**ব্যাখ্যা:** আমরা জানি,
$(\text{অতিভুজ})^2 = (\text{লম্ব})^2 + (\text{ভূমি})^2$
বা, $(17)^2 = (15)^2 + (8)^2$
বা, $289 = 225 + 64$
বা, $289 = 289$
**(এটি একটি সমকোণী ত্রিভুজ)।**

**নোট: একটি কোণ অপর কোণ দুটি কোণের সমান হলে তাকে সমকোণী ত্রিভুজ বলে।**

**২। $x^2 - 3x + 1 = 0$ হলে $\left(x^2 - \frac{1}{x^2}\right)$ এর মান কত?**

ক. $5\sqrt{3}$  খ. $3\sqrt{5}$  গ. $4\sqrt{5}$  ঘ. $6\sqrt{5}$

**ব্যাখ্যা:** $x^2 - 3x + 1 = 0$
বা, $x^2 + 1 = 3x$
বা, $\frac{x^2+1}{x} = 3$
বা, $\frac{x^2}{x} + \frac{1}{x} = 3$
বা, $x + \frac{1}{x} = 3$
আবার, $\left(x - \frac{1}{x}\right)^2 = \left(x + \frac{1}{x}\right)^2 - 4\,x\,\frac{1}{x}$
বা, $\left(x - \frac{1}{x}\right)^2 = (3)^2 - 4$
বা, $\left(x - \frac{1}{x}\right)^2 = 9 - 4$
$\therefore x - \frac{1}{x} = \sqrt{5}$
প্রদত্ত রাশি, $= x^2 - \frac{1}{x^2}$
$= \left(x + \frac{1}{x}\right)\left(x - \frac{1}{x}\right)$
$= 3 \times \sqrt{5}$
$= 3\sqrt{5}$

**৩। $x^2 - 5x + 6 < 0$ হলে সমাধান কোনটি?**

ক. $2<x<3$  খ. $-3 < x < -2$
গ. $x < 2$  ঘ. $x < 3$

উত্তর
১৫. ক
১৬. খ
০১. গ
০২. খ
০৩. ক

ব্যাখ্যা: $x^2 - 5x + 6 < 0$

বা, $x^2 - 3x - 2x + 6 < 0$

বা, $x(x-3) - 2(x-3) < 0$

বা, $(x-3)(x-2) < 0$ --------- (1)

এখানে, সমীকরনটি সত্য হবে যদি এবং কেবল যদি $(x-3)(x-2)$ একটি ধনাত্বক ও অপরটি ঋনাত্বক হয়।

x > 3 হলে x − 3 > 0 এবং x − 2 > 0

অর্থাৎ দুটিই ধনাত্বক

2<x<3 হলে x − 3<0 এবং x − 2 > 0

একটি ধনাত্বক অপরটি ঋনাত্বক

x<2 হলে x − 3<0 এবং x − 2<0

অর্থাৎ দুটিই ঋনাত্বক

অতএব অপশন 'ক' নং এ 2<x<3 হলে (১)নং সমীকরনটি সত্য।

**৪। A= {x|x ধনাত্বক পূর্নসংখ্যা এবং $x^2$<25}**
**B= {x|x মৌলিক সংখ্যা এবং $x^2$<25}**
**C= {x|x মৌলিক সংখ্যা এবং $x^2$ = 25}**
**হলে A∩B∩C =?**

ক. {1,2,3,4}  খ. {2,3,4}
গ. {2,3,4,5}  ঘ. Ø

ব্যাখ্যা: শর্তমতে,

A= {1,2,3,4} | যেহেতু পূর্ণ সংখ্যা হবে 25 বর্গ সংখ্যার ছোট

B= {2,3} | যেহেতু মৌলিক সংখ্যার বর্গ 25 থেকে ছোট

C= {5} | যেহেতু মৌলিক সংখ্যা বর্গ 25 থেকে ছোট

∴ A∩B∩C

= {1,2,3,4} ∩ {2,3} ∩ {5}

= Ø যেহেতু কোন সেটের উপাদান সংখ্যা মিল নেই।

**৫। 10% মুনাফায় 3000 টাকা এবং 8% মুনাফায় 2000 টাকা বিনিয়োগ করলে মোট মূলধনের উপর গড়ে শতকরা কত হারে মুনাফা পাওয়া যাবে?**

ক. 9%  খ. 9.2%
গ. 8%  ঘ. 8.2%

ব্যাখ্যা: 10% হারে 3000 টাকার

মুনাফা = 3000× 10% = 300 টাকা

আবার, 8% হারে 2000 টাকার

মুনাফা 2000× 8% = 160 টাকা

∴ সর্বমোট (3000+2000) = 5000 টাকার

মোট মুনাফা = (300+160) = 460

5000 টাকার মুনাফা হয় = 460 টাকা

∴ 100 টাকার মুনাফা হয় = $\frac{460\times100}{5000}$

= 9.2 টাকা

**৬। দুই অংঙ্ক বিশিষ্ট একটি সংখ্যা অংঙ্ক দ্বয়ের স্থান বিনিময়ের ফলে 54 বৃদ্ধি পায়। অংঙ্ক দুটির যোগফল 12 হলে সংখ্যাটি কত?**

ক. 57  খ. 75  গ. 39  ঘ. 93

ব্যাখ্যা: <u>অপশন টেস্ট</u>:

অপশন গ, এর মান 39 সংখ্যাটি স্থান বিনিময় করলে হয় 93 যা সংখ্যাটির স্থান বিনিময় করার পর(93 − 39) = 54 বৃদ্ধি পায়।

সুতরাং নির্ণেয় সংখ্যাটি হবে = 39।

**৭। একটি সমান্তর অনুক্রমে সাধারণ অন্তর 10 এবং 6 তম পদটি 52 হলে 15 তম পদটি ?**

ক. 40  খ. 142  গ. 148  ঘ. 150

ব্যাখ্যা: আমরা জানি,

n তম পদ $= a + (n-1)d = 52$

∴ 6 তম পদ $= a + (6-1)d = 52$

$= a + (6-1)10 = 52$

$= a + 50 = 52$

∴ $a = 52 - 50$

$= 2$

প্রথম পদ $a$ = 2 হলে 15 তম পদ

$= a + (n-1)d$

$= 2 + (15-1)10$

$= 2 + 140$

$= 142$

**৮। একটি থলিতে ৬ টি নীল বল, ৮ টি সাদা বল ও ১০ টি কালো বল আছে। দৈবভাবে একটি বল তুললে, সেটি সাদা না হওয়ার সম্ভাবনা কত ?**

ক. $\frac{2}{4}$  খ. 3  গ. $\frac{2}{3}$  ঘ. 4

উত্তর
০৪. ঘ
০৫. খ
০৬. গ
০৭. খ
০৮. গ

**ব্যাখ্যা:** মোট বল সংখ্যা$= 6+8+10 = 24$

বলটি সাদা হওয়ার সম্ভাবনা $= \frac{8}{24} = \frac{1}{3}$

বলটি সাদা না হওয়ার সম্ভাবনা $= 1 - \frac{1}{3}$

$= \frac{3-1}{3}$

$= \frac{2}{3}$

**৯। একটি গুণোত্তর অনুক্রমে তৃতীয় পদটি হয় 20 এবং ষষ্ঠ (৬-তম) পদটি 160 হলে প্রথম পদটি কত ?**

ক. 6 খ. 10 গ. 8 ঘ. 5

**ব্যাখ্যা:** ধারাটির তৃতীয় পদ $= ar^{3-1}$

বা, $20 = ar^2$

$\therefore ar^2 = 20$ -------- (1)

ষষ্ঠ পদ $= ar^{6-1}$

বা, $160 = ar^5$

$\therefore ar^5 = 160$ ------- (2)

(2) নং সমীকরন কে (1)নং দ্বারা ভাগ করে পাই,

$\frac{ar^5}{ar^2} = \frac{160}{20}$

বা, $r^3 = 8$

বা, $(r)^3 = (2)^3$

$\therefore r = 2$

এখন, $r$ এর মান (1) নং বসাই

$ar^2 = 20$

বা, $a(2)^2 = 20$

বা, $4a = 20$

বা, $a = \frac{20}{4}$

$\therefore a = 5$

**১০। $\log_x\left(\frac{3}{2}\right) = -\frac{1}{2}$ হলে x এর মান কত ?**

ক. $\frac{4}{9}$ খ. $\frac{9}{4}$ গ. $\frac{\sqrt{3}}{2}$ ঘ. $\frac{\sqrt{2}}{3}$

**ব্যাখ্যা:** $\log_x\left(\frac{3}{2}\right) = -\frac{1}{2}$

বা, $x^{-\frac{1}{2}} = \frac{3}{2}$

বা, $\frac{1}{x^{\frac{1}{2}}} = \frac{3}{2}$

বা, $\frac{1}{\sqrt{x}} = \frac{3}{2}$

বা, $\sqrt{x} = \frac{2}{3}$

বা, $(\sqrt{x})^2 = \left(\frac{2}{3}\right)^2$ **বর্গ করে**

$\therefore x = \frac{4}{9}$

**১১। একটি আয়তক্ষেত্রের কর্ণের দৈর্ঘ্য 15 মি. এবং প্রস্থ 10 মি. হলে , আয়তক্ষেত্রের ক্ষেত্রফল কত বর্গমিটার ?**


(ক)$35\sqrt{3}$ খ. $40\sqrt{5}$ (গ)$45\sqrt{5}$ ঘ. $50\sqrt{5}$

**ব্যাখ্যা:** চিত্রে ABCD আয়তক্ষেত্রের AC কর্ণ $= 15$

এখানে, $AB = CD = x$

এবং প্রস্থ $AD = BC = 10$ মি,

সমকোণী ত্রিভুজের সুত্র হতে পাই,




বা, $AC^2 = AB^2 + BC^2$

বা, $(15)^2 = x^2 + (10)^2$

বা, $x^2 = (15)^2 - (10)^2$

$\therefore x = \sqrt{225-100}$

$= \sqrt{125}$

$\therefore x = \sqrt{25\times 5} = 5\sqrt{5}$

∴আয়তক্ষেত্রটির ভুমি $BC = 5\sqrt{5}$

∴আয়তক্ষেত্রটির ক্ষেত্রফল $= 10 \times 5\sqrt{5} = 50\sqrt{5}$

**১২। 261 টি আম তিন ভাইয়ের মধ্যে $\frac{1}{3} : \frac{1}{5} : \frac{1}{9}$ অনুপাতে ভাগ করে দিলে প্রথম ভাই কতটি আম পাবে?**

ক. 45 খ. 81 গ. 90 ঘ. 135

**ব্যাখ্যা:** যে কোন অনুপাতের অংকে ভগ্নাংশ আসলে প্রথমে ঐ ভগ্নাংশ গুলোকে তাদের হরের ল,সা,গু দিয়ে গুন করে পূর্ণ সংখ্যার পরিণত করতে হবে।

এখানে, 3,5,9 ল,সা,গু $= 45$

$\therefore 45 \times \frac{1}{3} : 45 \times \frac{1}{5} : 45 \times \frac{1}{9}$

$= 15 : 9 : 5$

∴ অনুপাত গুলোর যোগফল $= 15+9+5 = 29$

প্রথম ভাই পাবে (261 এর $\frac{1}{3} \times \frac{45}{29}$ ) $= 135$

**১৩। 13 সেমি ব্যাসার্ধ বিশিষ্ট বৃত্তের একটি জ্যা এর দৈর্ঘ্য 24 সে.মি হলে, কেন্দ্র থেকে উক্ত জ্যা এর লম্ব দূরত্ব কত সে.মি?**

ক. 3 খ. 4 গ. 5 ঘ. 6

উত্তর

০৯. ঘ

১০. ক


১১. ঘ

১২. ঘ

১৩. গ

ব্যাখ্যাঃ এখানে AC এর দৈর্ঘ্য 24 সেমি যার মধ্যবিন্দু B হলে $AB = \frac{24}{2} = 12$

∴ লম্বের দৈর্ঘ্য




$(OB) = \sqrt{OA^2 - AB^2}$
$= \sqrt{(13)^2 - (12)^2}$
$= \sqrt{169 - 144}$
$= \sqrt{25}$
$= 5$

**১৪। ১০ টি জিনিসের মধ্যে ২ টি এক জাতীয় এবং বাকী গুলো ভিন্ন ভিন্ন জিনিস । ঐ জিনিস গুলো থেকে প্রতিবার ৫ টি নিয়ে কত প্রকারে বাছাই করা যায়?**

ক. ১৭০ খ. ১৮২ গ. ১৯০ ঘ. ১৯২

ব্যাখ্যাঃ ১০ টি জিনিসের মধ্যে যে দুটি জিনিস একই রকম তাদের একটি ধরে মোট ৯ টি ভিন্ন জিনিস থেকে ৫ টি জিনিস বাছাই করা যায়। $9c_5 = \frac{9!}{5!(9-5)!}$
$= \frac{9\times8\times7\times6\times5!}{5!\times4!}$
$= \frac{9\times8\times7\times6}{24}$
$= 126$

আবার, $8c_3 = \frac{8!}{3!(8-3)!}$
$= \frac{8!}{3!5!} = \frac{8\times7\times6}{3\times2} = 56$

∴ $8c_3 + 9c_5 = 56 + 126 = 182$

**১৫। ১০০ টাকায় ১০ টি ডিম কিনে , ১০০ টাকায় ৮ টি ডিম বিক্রয় করলে শতকরা কত লাভ হবে ?**

ক. ১৬% খ. ২০% গ. ২৫% ঘ. ২৮%

ব্যাখ্যাঃ ১০ টি ডিমের ক্রয়মূল্য ১০০ টাকা

∴ ১ টি ডিমের ক্রয়মূল্য = $\frac{১০০}{১০}$ =১০ টাকা

আবার, ৮ টি ডিমের বিক্রয়মূল্য ১০০ টাকা

∴ ১ টি ডিমের ক্রয়মূল্য= $\frac{১০০}{৮}$ = ১২.৫ টাকা

∴ লাভ হয় = (১২.৫− ১০)= ২.৫ টাকা

১০ টাকায় লাভ হয় ২.৫ টাকা

∴ ১০০ টাকায় লাভ হয় $\frac{২.৫\times১০০}{১০}$ = ২৫ %

## ৩৮তম BCS

**১। একটি সমবাহু ত্রিভুজের একটি বাহুর দৈর্ঘ্য a একক হলে ত্রিভুজটির ক্ষেত্রফল কত বর্গ একক?**

ক. $\frac{\sqrt{3}}{2}a^2$ খ. $\frac{2}{3}a^2$ গ. $\frac{2}{\sqrt{3}}$ ঘ. $\frac{\sqrt{3}}{4}a^2$

ব্যাখ্যাঃ একটি বাহুর দৈর্ঘ্য a হলে, এর বর্গ হবে $a^2$

∴ সমবাহু ত্রিভুজের ক্ষেত্রফল = $\frac{\sqrt{3}}{4}$

শর্তমতে, $\frac{\sqrt{3}}{4}a^2$

**২। মি. রেজা তার সম্পদের ১২% স্ত্রীকে, ৫৮% ছেলেকে এবং অবশিষ্ট ৭২০,০০০ টাকা মেয়েকে দিলেন। তার সম্পদের মোট মূল্য কত?**

ক. ২৪,০০,০০০ খ. ২০,০০,০০০
গ. ১৬,০০,০০০ ঘ. ১২,০০,০০০

ব্যাখ্যাঃ অবশিষ্ট মোট সম্পত্তির মুল্য = (১০০-১২-৫৮)%
= (১০০-৭০)%
= ৩০%

প্রশ্নমতে, ৩০% = ৭২০০০০

বা, ১% = $\frac{৭২০০০০}{৩০\%}$

বা, ১০০% = $\frac{৭২০০০০ \times ১০০\%}{৩০\%}$ = ২৪,০০,০০০

**৩। $x = \sqrt{3} + \sqrt{2}$ হলে, $x^3 + \frac{1}{x^3}$ এর মান কত?**

ক. $3\sqrt{2}$ খ. $18\sqrt{3}$ গ. $12\sqrt{3}$ ঘ. 8

ব্যাখ্যাঃ $x = \sqrt{3} + \sqrt{2}$

বা, $\frac{1}{x} = \frac{1}{\sqrt{3}+\sqrt{2}}$

বা, $\frac{1}{x} = \frac{1(\sqrt{3}-\sqrt{2})}{(\sqrt{3}+\sqrt{2})(\sqrt{3}-\sqrt{2})}$

বা, $\frac{1}{x} = \frac{\sqrt{3}-\sqrt{2}}{(\sqrt{3})^2-(\sqrt{2})^2}$

বা, $\frac{1}{x} = \frac{\sqrt{3}-\sqrt{2}}{3-2}$

∴ $\frac{1}{x} = \sqrt{3} - \sqrt{2}$

উত্তর
১৪. খ
১৫. গ
০১. ঘ
০২. ক
০৩. খ

প্রদত্ত রাশি = $x^3+\frac{1}{x^3} \Rightarrow (x)^3+\left(\frac{1}{x}\right)^3$

$= \left(x+\frac{1}{x}\right)^3 - 3\,x.\frac{1}{x}\left(x+\frac{1}{x}\right)$

$= (\sqrt{3}+\sqrt{2}+\sqrt{3}-\sqrt{2})^3 - 3(\sqrt{3}+\sqrt{2}+\sqrt{3}-\sqrt{2})$

$= (2\sqrt{3})^3 - 3.2\sqrt{3}$

$= 8\,(\sqrt{3})^3 . \sqrt{3} - 6\sqrt{3}$

$= 8.3\sqrt{3} - 6\sqrt{3}$

$= 24\sqrt{3} - 6\sqrt{3}$

$= 18\sqrt{3}$

**৪। $\log_x\left(\frac{1}{8}\right) = -2$ হলে x = কত ?**

ক. 2 খ. $\sqrt{2}$ গ. $2\sqrt{2}$ N. 4

**ব্যাখ্যা:** $\log_x\left(\frac{1}{8}\right) = -2$

বা, $x^{-2} = \frac{1}{8}$

বা, $\frac{1}{x^2} = \frac{1}{8}$

বা, $x^2 = 8$

বা, $X = \sqrt{8}$

বা, $X = \sqrt{4}.\sqrt{2}$

$\therefore X = 2\sqrt{2}$

**৫। $2^x + 2^{1-x} = 3$ হলে, x = কত ?**

ক. (1,2) খ. (0,2) গ. (1,3) ঘ. (0,1)

**ব্যাখ্যা:** $2^x + 2^{1-x} = 3$

বা, $2^x + \frac{2^1}{2^x} = 3$

বা, $p + \frac{2}{p} = 3$

বা, $\frac{p^2+2}{p} = 3$

বা, $p^2 + 2 = 3p$

বা, $p^2 - 3p + 2 = 0$

বা, $p^2 - 2p - 1p + 2 = 0$

বা, $p\,(p-2) - 1\,(p-2) = 0$

বা, $(p-2)\,(p-1) = 0$

| | |
|---|---|
| $(p-2) = 0$ | $(p-1) = 0$ |
| বা, $p = 2$ | বা, $p = 1$ |
| বা, $2^x = 2^1$ | বা, $2^x = 1$ |
| $\therefore x = 1$ | বা, $2^x = 2^\circ$ |
| | $\therefore x = 0$ |

যেহেতু, $a^{m-n} = \frac{a^m}{an}$

এখানে, $2^x = p$

সুতরাং , x = (0,1)

**বিকল্প গাণিতিক যুক্তি:**

$x = 0$ হলে, $2^\circ + 2^{1-0} = 3$

বা, $1 + 2 = 3$

$\therefore 3 = 3$

আবার, $x = 1$ হলে,

$2^1 + 2^{1-1} = 3$

বা, $2 + 1 = 3$

$\therefore 3 = 3$

যেহেতু উভয় পক্ষে $3 = 3$

সুতরাং , x = (0,1)

**৬। একটি কোণের মান তার পূরক কোণের মানের অর্ধেকের সমান। কোনটির মান কত?**

ক. ৬০° খ. ৪৫° গ. ৩০° ঘ. ২৫°

**ব্যাখ্যা:** ধরি, একটি কোণ $x$ হলে পূরক কোণ হবে $2x$

প্রশ্নমতে, $x + 2x = 90°$

বা, $3x = 90°$

বা, $x = \frac{90°}{3}$

$= 30°$

**বি:দ্র: দুইটি কোন সমষ্টি 90°হলে তাকে একটির অপরটির পুরক কোণ বলে।**

**৭। $\Delta ABC$ এ $< B = 90°$ যদি AC= 2AB হয়, তবে <C এর মান কত ?**

ক. 45° খ. 22.5° গ. 30° ঘ. 60°

**ব্যাখ্যা:** ধরি, $\Delta ABC$ এর লম্ব $AB = x$

এবং অতিভুজ $= 2x$

$\therefore$ ত্রিভুজটি একটি সমকোণী ত্রিভুজ ।

$\sin\theta = \frac{AB}{AC}$


বা, $\sin\theta = \frac{x}{2x}$

বা, $\sin\theta = \frac{1}{2}$

বা, $\sin\theta = \sin\theta\, 30°$

$\therefore \theta = 30°$

যেহেতু, লম্ব ও অতিভুজের মান আছে,




উত্তর

০৪. গ

০৫. ঘ

০৬. গ

০৭. গ

**৮। 4 জন মহিলা ও 6 জন পুরুষের মধ্যে থেকে 4 সদস্য বিশিষ্ট একটি উপ-কমিটি গঠন করতে হবে যাতে 1 জন নির্দিষ্ট পুরুষ সর্বদায় উপস্থিত থাকেন। কত প্রকারে ঐ কমিটি গঠন করা যেতে পারে ?**

ক. 210 খ. 304 গ. 84 ঘ. 120

**ব্যাখ্যা:** পুরুষ ও মহিলা নিয়ে

মোট সদস্য $= 4 + 6 = 10$ জন

1 জন নিদিষ্ট পুরুষ বাদ দিলে $= 10 - 1$

$= 9$ জন

9 জনের মধ্য থেকে নিতে হবে $= (4 - 1)$

$= 3$ জন

9 জন থেকে 3 জন নিয়ে গঠন করা যায়,

$$9_{C_3} = \frac{9!}{3!(9-3)!}$$

$$= \frac{9\times8\times7\times6!}{3\times2\times1\times6!} = 84$$

**অংকটি ১০ সেকেন্ডে সমাধান করুন:**

$$9_{C_3} = \frac{9\times8\times7}{3\times2\times1} = 84$$

**৯। 30 থেকে 40 পর্যন্ত সংখ্যা থেকে যে কোন একটিকে ইচ্ছেমত নিলে সে সংখ্যাটি মৌলিক অথবা 5 এর গুনিতক হওয়ার সম্ভাবনা কত?**

ক. $\frac{5}{11}$ খ. $\frac{1}{2}$ গ. $\frac{3}{5}$ ঘ. $\frac{6}{11}$

**ব্যাখ্যা:** 30 থেকে 40 পযন্ত সংখ্যা

(30-40)=11 টি

30 থেকে 40 মধ্যে মৌলিক সংখ্যা 31,37

5 এর গুনিতক হলো 30,35,40

∴ 30 থেকে 40 পযন্ত সংখ্যাটি মৌলিক বা 5 এর গুনিতক হওয়ার সম্ভাবনা $= \frac{2}{11} + \frac{3}{11}$

$= \frac{5}{11}$

**১০। টাকায় ৫ টি মার্বেল বিক্রয় করায় ১২% ক্ষতি হয়। ১০% লাভ করতে হলে টাকায় কয়টি বিক্রয় করতে হবে ?**

ক. ৫ খ. ৪ গ. ৬ ঘ. ৮

**ব্যাখ্যা:** ১২% ক্ষতিতে

বিক্রয় মূল্য = (১০০−১২) = ৮৮ টাকা

এবং ১০% লাভ বিক্রয় মূল্য (১০০+১০) = ১১০ টাকা

বিক্রয়মূল্য ৮৮ টাকা হলে ক্রয়মূল্য = ১ টাকা

∴ বিক্রয়ূল্য ১১০ টাকা হলে ক্রয়মূল্য = $\frac{১\times১১০}{৮৮} = \frac{৫}{৪}$

$\frac{৫}{৪}$ টাকায় বিক্রি করতে হবে ৫ টি

∴ ১ টাকায় বিক্রি করতে হবে = $\frac{৫\times৪}{৫}$ = ৪ টি

**১১। বাস্তব সংখ্যায় $|2x - 3| \leq 1$ অসমতাটির সমাধান ?**

ক. $1 < x < 2$ খ. $x \leq 1$

গ. $1 \leq x \leq 2$ ঘ. $-1 \leq x \leq 2$

**ব্যাখ্যা:** $|2x - 3| \leq 1$ ধনাত্নক মান নিয়ে

বা, $2x - 3 \leq 1$

বা, $2x \leq 1+3$

বা, $2x = 4$ $\therefore x \leq 2$

$|2x - 3| \leq 1$ ঋনাত্নক মান নিয়ে

বা, $-(2x - 3) \leq 1$

বা, $2x - 3 \geq -1$

বা, $2x \geq -1+3$

বা, $2x \geq 2$ $\therefore x \geq 2$

∴ নির্ণেয় অসমতাটি, $1 \leq x \leq 2$

**১২। একটি সমান্তর ধারার অনুক্রমে 5 তম পদটি 18 এবং প্রথম 5 টি পদের যোগফল 75 হলে প্রথম পদটি কত ?**

ক. ২ খ. ১০ গ. ৪ ঘ. ১২

**ব্যাখ্যা:** এখানে ধারাটির ১ম পদ $= a$

সাধারন অন্তর $= d$

ধারাটির 5 তম পদ $= a + (5-1)d = 18$

বা, $a + 4d = 18$

প্রথম 5 টি পদের সমষ্টি $= \frac{5}{2}\{2a + (n-1)d\}$

$= \frac{5}{2}\{2a + (5-1)d\}$

$= \frac{5}{2}\{a + (a + 4d)\}$

$= \frac{5}{2}(a + 18)$

প্রশ্নমতে, $\frac{5}{2}(a + 18) = 75$

বা, $a + 18 = \frac{150}{5}$

বা, $a + 18 = 30$

বা, $a = 30 - 18$

$\therefore a = 12$

উত্তর

০৮. গ

০৯. ক

১০. খ

১১. গ

১২. ঘ

**১৩। দুইটি সংখ্যার অনুপাত ২:৩ এবং গ,সা,গু ৪ হলে বৃহতম সংখ্যাটি কত ?**

ক. ৬ খ. ১২ গ. ৮ ঘ. ১৬

**ব্যাখ্যা:** ধরি, সংখ্যাটি x

ছোট সংখ্যাটি ২x,

বড় সংখ্যাটি ৩x,

এখানে, ২x ও ৩x গ. সা.গু = x

দেওয়া আছে, x = 8

প্রশ্নমতে, বৃহত্তম সংখ্যাটি = ৩x

=৩×৪ = ১২

**১৪। কোন আসল ৩ বছরে মুনাফা আসলে ৫৫০০ টাকা হয় । মুনাফা-আসলের $\frac{৩}{৮}$ অংশ হলে মুনাফার হার কত ?**

ক. ১০% খ. ১২.৫% গ. ১৫% ঘ. ১২%

**ব্যাখ্যা:** এখানে, আসল ৮ টাকা হলে

সুদ = ৩ টাকা, এবং

সুদাসল = ৮+৩=১১ টাকা

সুদাসল ১১ টাকা হলে আসল ৮ টাকা

,, ৫৫০০ ,, ,, $\frac{৮\times৫৫০০}{১১}$ = ৪০০০ টাকা

∴ সুদ = ৫৫০০− ৪০০০ = ১৫০০ টাকা

∴ সুদের হার = $\frac{সুদ\times১০০}{আসল\times সময়}$

= $\frac{১৫০০\times১০০}{৪০০০\times৩}$ = ১২.৫%

**বিকল্প গাণিতিক যুক্তি:**

৩ বছরে সুদের হার $\frac{৩}{৮}$ অংশ

∴ ১ বছরে সুদের হার= $\frac{৩}{৩\times৮}$ বা $\frac{১}{৮}$ অংশ

সুদের হার শতকরার প্রকাশ

করলে হবে = $\frac{১\times১০০}{৮}$ = ১২.৫%

**১৫। সেট A= {$x$: $x$ Fibonacci সংখ্যা এবং $x^2 < 64$ } হলে $P(A)$এর উপাদান কয়টি ?**

ক. ১২৮ খ. ৩২ গ. ৬৪ ঘ. ২৫৬

**ব্যাখ্যা:** A= {$x$: $x$ *Fibonacci* সংখ্যা এবং $x^2 < 64$}, A= {0,1,2,3,5} Fibonacci ধারা 0,1,1,2,3,5,8,13--------------

প্রথম দুটি পদের যোগফল তৃতীয় পদের সমান, এটাই ফিবোনাক্কি ধারা।

বলা হয়েছে, $x < 64$ অথাৎ $x$ এর মান এমন একটি সংখ্যা হবে যার মান 64 থেকে ছোট হয়,

∴ A= {0,1,2,3,5} | যেহেতু $x = 8$ হলে $8^2 = 64$ যা $x^2 < 64$ শর্ত প্রযোয্য নহে

**সেটের উপাদানের মধ্যে একই সংখ্যা দুই বার নেয়া যাবেনা,** তাই A= {0,1,2,3,5}

∴ $P(A)$ এর উপাদান সংখ্যা $2^n = 2^5 = 32$

## ৩৯ তম BCS

**১। দুইটি সংখ্যার অনুপাত ৭:৫ এবং তাদের ল,সা,গু ১৪০ হলে সংখ্যা দুইটির গ,সা,গু কত ?**

ক. ৪ খ. ১২ গ. ৬ ঘ. ৯

**ব্যাখ্যা:** ধরি, সংখ্যাটি $x$, সংখ্যা দুইটি ৭$x$ ও ৫$x$

প্রশ্নমতে, ৭$x$ × ৫$x$ =১৪০

বা, ৩৫$x$ =১৪০

বা, $x$ = $\frac{১৪০}{৩৫}$

∴ $x = 8$

**২। C= {$x$: $x$ ঋনাত্মক পূর্ণ সংখ্যা এবং $x^2 < 18$ } C সেটের উপাদান গুলো হবে ?**

ক. 1,2,3,5 খ. 1,3,5,7

গ. 2,4,6,8 ঘ. 1,2,3,4

**ব্যাখ্যা:** যেহেতু $x$ এর মান গুলো ঋনাত্বক ধরতে হবে,

$x = -1$ যদি বর্গ করে পাই 1

$x = -2$ যদি বর্গ করে পাই 4

$x = -3$ যদি বর্গ করে পাই 9

$x = -4$ যদি বর্গ করে পাই 16

$x = -5$ যদি বর্গ করে পাই 25 নেওয়া যাবে না।

তাহলে সেটের উপাদান গুলো হওয়ার কথা (−1, −2, −3, −4, −5) কিন্তু প্রদও অপশনে আছে (1,2,3,4,5) , এটাই উওর ধরে নেওয়া হতে পারে।

**৩। যদি ৯×৭ = ৩৫৪৫ হয় ৪×৩ = ১৫২০ হয়, তবে ৬×৮ = ?**

ক. ৪০৩০ খ. ৬০৫০

গ. ৩০৪০ ঘ. ৫০৪০

**উত্তর**

১৩. খ
১৪. খ
১৫. খ
০১. ক
০২. ঘ
০৩. ক

**ব্যাখ্যা:**

| | |
|---|---|
| | উভয়ের সাথে ৫ দিয়ে গুন করে |
| ৯×৭ = ৩৫৪৫ | ৯×৫ = ৪৫যা পরের অংশ এবং |
| | ৭×৫ = ৩৫ যা ১ম অংশ |
| | বসানো হয়েছে। |
| ৪×৩=১৫২০ | ৪×৫=২০যা পরের অংশ এবং |
| | ৩×৫=১৫ যা ১ম অংশ |
| | বসানো হয়েছে। |
| ৬×৮=৪০৩০ | ৬×৫=৩০যা পরের অংশ এবং |
| | ৮×৫=৪০ যা ১ম অংশ |
| | বসানো হয়েছে। |

**৪। $|1-2x|<1$ হলে এর সমাধান কত ?**

ক. $-2<x<1$  খ. $-1<x<0$
গ. $0<x<1$  ঘ. $-1<x<1$

**ব্যাখ্যা: প্রশ্নে যেহেতু, মডুলাস দেওয়া হয়েছে, তাই একবার ধনাত্মক ও ঋনাত্মক মান নিয়ে করতে হবে ।**

| ধনাত্মক, | ঋনাত্মক, |
|---|---|
| $1-2x<1$ | $-(1-2x)<1$ |
| $=-2x<1-1$ | $=1-2x>-1$ |
| $=-2x<0$ | $=-2x>-1-1$ |
| $=2x>0$ | $=-2x>-2$ |
| $=x>0$ | $=2x<2$ |
| | $=x<1$ |

∴ নির্ণেয় সমাধান , $0<x<1$

**৫। ঘড়িতে যখন ৮ টা বাজে তখন ঘন্টার কাঁটা ও মিনিটের কাঁটার মধ্যবর্তী কোনটি কত ডিগ্রী?**

ক. ৯০°  খ. ৯৫°  গ. ১০৫°  ঘ. ১১০°

**নোটঃ প্রদত্ত অপশনে সঠিক উত্তর নেই।**

**সঠিক উত্তর হবে ১২০° ।**

**ব্যাখ্যা:** মধ্যবর্তী কোন নির্ণেয় টেকনিক,

$= \left|\frac{১১ M - ৬০ H}{২}\right|$

$= \left|\frac{১১ \times ০ - ৬০ \times ৮}{২}\right|$

$= \frac{-৪৮০}{৩৫}$

$= -২৪০$

∴ নির্ণেয় কোণ $= (৩৬০^\circ - ২৪০^\circ)$

$= ১২০^\circ$

**৬। $n_{c_{12}} = n_{c_6}$ হলে n এর মান কত ?**

ক. 12  খ. 14  গ. 16  ঘ. 18

**ব্যাখ্যা:** আমরা জানি, $n_{c_r} = n_{c_{n-r}}$

এখন, $r = 12$ এবং $n - r = 6$

$\therefore n - r = 6$

বা, $n = r + 6$

বা, $n = 12 + 6$

$\therefore n = 18$

**৭। $0.4 \times 0.02 \times 0.08 = ?$**

ক. ০.৬৪০০০  খ. ০.৬৪০০
গ. ০.০০০৬৪  ঘ. ৬.৪০০০০

**ব্যাখ্যা:** $0.4 \times 0.02 \times 0.08$


$= 0.00064$

**কারন,** $4 \times 2 \times 8 = 64$ এতএব, প্রথমে ১টি সংখ্যার আগে দশমিক , তারপর ২ টি সংখ্যার আগে দশমিক, সর্বশেষে ২টি সংখ্যার আগে দশমিক, সর্বমোট ৫ সংখ্যার আগে দশমিক মান।

**৮। একজন লোক A অবস্থান থেকে হেটে ডানদিকে ১০ফুট অতপর বামদিকে ২০ফুট তারপর বামদিকে ২০ফুট আর সর্বশেষ বামদিকে ২০ফুট গিয়ে B অবস্থান পৌঁছাল। তাহলে A ও B এর মধ্যকার দূরত্ব কত ফুট ?**

ক. ১০ফুট  খ. ২০ফুট  গ. ৩০ফুট  ঘ. ৪০ফুট

**ব্যাখ্যা:** যেহেতু পুরো অংশটুকুর পরিমান ২০ ফুট তার মধ্যে A এর অবস্থান যদি ১০ফুট হয়, তবে A ও B এর মধ্যবর্তী দুরুত্ব ১০ফুট।




**৯। যদি $2 \times 3 = 812, 4 \times 5 = 1620$ হয় তবে $6 \times 7 = ?$**

ক. 42  খ. 1214
গ. 2420  ঘ. 2428

**ব্যাখ্যা:** এখানে,

| | |
|---|---|
| $2 \times 3 = 812$ | যেহেতু, উভয়ের সাথে 4 দ্বারা গুন করে বসানো হয়েছে অতএব, |
| $4 \times 5 = 1620$ হয় | $2 \times 3 = 812$ |
| তাহলে, $6 \times 7 = 2428$ | |

উত্তর

০৪. গ
০৫. নোট
০৬. ঘ
০৭. গ
০৮. ক
০৯. ঘ

**১০। নিচের কোনটি মৌলিক সংখ্যা ?**

ক. ৯১ খ. ১৪৩ গ. ৪৭ ঘ. ৮

**ব্যাখ্যা:** অপশনের

৯১ সংখ্যাটি থেকে পাওয়া যায় = ৭×১৩=৯১

১৪৩ সংখ্যাটি থেকে পাওয়া যায় = ১১×১৩=১৪৩

৪৭ সংখ্যাটি থেকে কোন একক পাওয়া যায় না

৮৭ সংখ্যাটি থেকে পাওয়া যায় ৩×২৯ = ৮৭

সুতরাং, ৪৭ কোন গুননীয়ক নেই,

অতএব, এটি একটি মৌলিক সংখ্যা ।

**১১। নিচের কোন ভগ্নাংশটি বৃহত্তম ?**

ক. $\frac{৩}{৫}$ খ. $\frac{৫}{৮}$ গ. $\frac{৬}{১১}$ ঘ. $\frac{৮}{১৪}$

**ব্যাখ্যা:** $\frac{৩}{৫}\times\frac{৫}{৮}$=২৪ <২৫ যা $\frac{৫}{৮}$ বৃহত্তম

$\frac{৫}{৮}\times\frac{৬}{১১}$=৫৫ >৪৮ যা $\frac{৫}{৮}$ বৃহত্তম

$\frac{৫}{৮}\times\frac{৮}{১৪}$= ৭০ >৬৪ যা $\frac{৫}{৮}$ বৃহত্তম

সুতরাং, $\frac{৫}{৮}$ ভগ্নাংশটি বৃহত্তম ।

**১২। বার্ষিক শতকরা ১০% হারে ১০০০ টাকার ২ বছর পর সরল ও চক্র বৃদ্ধির মুনাফার পার্থক্য কত?**

ক. 11 টাকা খ. 11.5টাকা

গ. 12টাকা ঘ. 10 টাকা

**ব্যাখ্যা:** সরল মুনাফার ক্ষেত্রে সুত্র ,

I=pnr

$=1000\times 2\times\frac{1}{10}$

=200

p= 1000

n= ২ বছর

r= $10\%m$

$=\frac{1}{10}$

I=?

এবার চক্র বৃদ্ধির ক্ষেত্রে সুত্র ,

C= $p(1+r)^n$

$=1000(1+\frac{1}{10})^2$

$=1000(\frac{11}{10})^2$

$=1000\times\frac{121}{100}$

$=1210$

$p=1000$

$r=10\%\ or, \frac{1}{10}$

$n=2,\ c=?$

∴ মুনাফা = চক্রবৃদ্ধির সুদআসল—আসল

$=1210\ -1000$

$=210$

∴ সরল ও চক্রবৃদ্ধি মুনাফার পার্থক্য

$=(210-200)=10$ টাকা

**১৩। একটি দ্রব্য ১৮০ টাকায় বিক্রি করায় ১০% ক্ষতি হলে দ্রব্যটির ক্রয়মূল্য কত ?**

ক. ১৬২ টাকা খ. ১৯৮ টাকা

গ. ২০০ টাকা ঘ. ২১০ টাকা

**ব্যাখ্যা:** ১০% ক্ষতিতে বিক্রয়মূল্য (১০০—১০)

= ৯০ টাকা

বিক্রয়মূল্য ৯০ টাকা হলে ক্রয়মূল্য ১০০ টাকা

∴ বিক্রয়মূল্য ১৮০ টাকা হলে ক্রয়মূল্য = $\frac{১০০\times১৮০}{৯০}$

= ২০০ টাকা

**১৪। একটি আয়তক্ষেত্রের দৈর্ঘ্য 18 সেমি এবং প্রস্থ 10 সেমি। আয়তক্ষেত্রটির দৈর্ঘ্য বৃদ্ধি করে 25 সেমি করা হলো। আয়তক্ষেত্রটির প্রস্থ কত হলে ক্ষেত্রফল অপরিবতীর্ত থাকবে ?**

ক. 7সেমি খ. 7.1সেমি গ. 7.2সেমি ঘ. 7.3সেমি

**ব্যাখ্যা:** আয়তক্ষেত্রটির ক্ষেত্রফল

= ( দৈর্ঘ্য× প্রস্থ)

$=(18\times 10)$

= 180 বর্গ সেমি

**ধরি, অপরিবতীর্ত ক্ষেত্রফল x হলে 25 সেমি বৃদ্ধি পেয়ে,** $25\times x=180$

বা, $x=\frac{180}{25}$

∴ $x=7.2$ সেমি

**১৫। $\frac{1}{\sqrt{2}}$ , 1, $\sqrt{2}$ ধারাটির কোন পদ $8\sqrt{2}$ হবে ?**

ক. ৯ তম পদ খ. ১০ তম পদ

গ. ১১ তম পদ ঘ. ১২ তম পদ

**ব্যাখ্যা:** ধারাটির ১ম পদ $a=\frac{1}{\sqrt{2}}$

∴ সাধারন অনুপাত $=1-\frac{1}{\sqrt{2}}=\sqrt{2}$

**ধরি, n তম পদ $8\sqrt{2}$**

**আবার, আমরা জানি ,**

n তম পদ $=ar^{n-1}$

বা, $8\sqrt{2}=\frac{1}{\sqrt{2}}\times(\sqrt{2}\,)^{n-1}$

বা, $8\sqrt{2}\times\sqrt{2}=(\sqrt{2}\,)^{n-1}$

বা, $8\times 2=(\sqrt{2})^{n-1}$

বা, $16=(\sqrt{2}\,)^{n-1}$

উত্তর

১০. গ

১১. খ

১২. ঘ

১৩. গ

১৪. গ

১৫. ক

বা, $(\sqrt{2})^8 = (\sqrt{2})^{n-1}$
বা, $8 = n - 1$
বা, $n = 8 + 1$
$\therefore n = 9$

## ৪০তম BCS

**১। নিচের কোন পূর্ণ সংখ্যাটিকে ৩,৪,৫ এবং ৬ দ্বারা ভাগ করলে যথাক্রমে ১,২, ৩, ও ৪ অবশিষ্ট থাকে?**

ক. ৪৮ খ. ৫৪ গ. ৫৮ ঘ. ৬০

**ব্যাখ্যা:** এখানে, ৩-১=২, ৪-২ =২, ৫-৩= ২,৬-৪= ২
∴ নির্ণেয় সংখ্যাটি হবে, ৩, ৪, ৫ ও ৬ এর ল.সা.গু অপেক্ষা ২ কম।
সুতরাং ৩, ৪, ৫ ও ৬ এর ল.সা.গু = ৬০
∴ নির্ণেয় সংখ্যাটি = ৬০-২ = ৫৮

**২। পনির ও তপনের আয়ের অনুপাত 4:3। তপন ও রবিনের আয়ের অনুপাত 5:4। পনিরের আয় 120 টাকা হলে, রবিনের আয় কত?**

ক. 36 টাকা খ. 12 টাকা
গ. 72টাকা ঘ. 84 টাকা

**ব্যাখ্যা:** পনির ও তপনের অনুপাত = 4 ঃ 3
= 20 ঃ 15 [5 দ্বারা গুন করে]
তপন ও রবিনের অনুপাত = 5 ঃ 4
= 15 ঃ 12 [3 দ্বারা গুন করে]
পনির ঃ তপন ঃ রবিন = 20 ঃ 15 ঃ 12
**ধরি, পনির, তপন ও রবিনের আয় x টাকা**
তাহলে 20x ঃ 15x ঃ 12x
প্রশ্নমতে, 20x = 120
বা, $x = \frac{120}{20}$ ∴ x = 6
∴ রবিনের টাকা = 12x = 12×6 = 72 টাকা

**৩। ৪৫০ টাকা বার্ষিক ৬% সুদে কত বছরে সুদে-আসলে ৫৫৮ টাকা হবে?**

ক. ৩ বছরে খ. ৪ বছরে গ. ৫ বছরে ঘ. ৬ বছরে

**ব্যাখ্যা:** আমরা জানি, A = P(1 + nr)

বা, ৫৫৮ = ৪৫০ (১+$\frac{৬n}{১০০}$)
বা, ৫৫৮ = ৪৫০ ($\frac{১০০+৬n}{১০০}$)
বা, $\frac{৫৫৮০০}{৪৫০}$ = (১০০+৬n)
বা, ১২৪ = (১০০+৬n)
বা, ৬n = ১২৪-১০০
বা, ৬n = ২৪
বা, n = $\frac{২৪}{৬}$
∴ n = ৪ বছর

**সুদের হার(r)= ৬%**
**= $\frac{৬}{১০০}$**
**মুলধন (P) = ৪৫০**
**সুদাসল (A) = ৫৫৮**
**বছর (n) = ?**

**৪। একটি মটরসাইকেল ১২% ক্ষতিতে বিক্রয় করা হলো। যদি বিক্রয়মূল্য ১২০০ টাকা বেশি হতো। তাহলে ৮% লাভ হতো মটর সাইকেলের ক্রয়মূল্য কত?**

ক. ৬০০০ টাকা খ. ৫০০০ টাকা
গ. ৪০০০ টাকা ঘ. ৮০০০ টাকা

**ব্যাখ্যা:** ধরি, ক্রয়মুল্য ১০০ টাকা
১২% ক্ষতিতে বিক্রয়মূল্য (১০০-১২) = ৮৮ টাকা
৮% লাভে বিক্রয়মূল্য (১০০+৮) = ১০৮ টাকা
∴ বিক্রয়মূল্যের পার্থক্য (১০৮-৮৮) = ২০ টাকা
বিক্রয়মূল্য ২০ টাকা হলে ক্রয়মূল্য ১০০ টাকা
∴ ,, ,, ১ ,, ,, $\frac{১০০}{২০}$ টাকা
∴ ,, ১২০০ ,, ,, $\frac{১০০ \times ১২০০}{২০}$ = ৬০০০ টাকা

**৫। $\frac{(০.৯)^৩+(০.৪)^৩}{০.৯+০.৪}$ এর মান কত?**

ক. ০.৩৬ খ. ০.৫১
গ. ০.৮১ ঘ. ০.৬১

**ব্যাখ্যা:** $\frac{(০.৯)^৩+(০.৪)^৩}{০.৯+০.৪}$

$= \frac{(০.৯+০.৪)+\{(০.৯)^২-(০.৯ \times ০.৪)+(০.৪)^২\}}{(০.৯+০.৪)}$
= ০.৮১-০.৩৬+০.১৬
= ০.৯৭-০.৩৬
=০.৬১

$a^3 + b^3 = (a+b)(a^2 - ab + b^2$

উত্তর
০১. গ
০২. গ
০৩. খ
০৪. ক
০৫. ঘ

৬। **3x-2>2x-1 এর সমাধান সেট কোনটি?**

ক. $\{1,\infty\}$ খ. $\{1,\infty\}$

গ. $\{\frac{1}{2},\infty\}$, ঘ. $\{-1,\infty\}$

**ব্যাখ্যা:** $3x-2>2x-1$

$= 3x - 2x>2-1$

$= x>1$

∴ নির্ণেয় সমাধান সেট $= \{1, \infty\}$

৭। **$6x^2-7x-4 = 0$ সমীকরণে মূলদ্বয়ের প্রকৃতি কোনটি?**

ক. বাস্তব ও সমান খ. বাস্তব ও অসমান

গ. অবাস্তব ঘ. পূর্ণ বর্গসংখ্যা

**ব্যাখ্যা:** $6x^2-7x-4 = 0$ সমীকরণটিকে $ax^2+bx+c = 0$ সমীকরনের সাথে তুলনা করে পাই, $a = 6$, $b= -7$, এবং $c = - 4$

$\therefore b^2-4ac = (7)^2- 4\times6(-4)$

$= 49+96$

$= 145> 0$

যেহেতু $b^2-4ac> 0$, তাই সমীকরণটির মূলদ্বয় বাস্তব ও অসমান।

৮। **যদি $x^4- x^2+1 = 0$ হয়, তবে $x^3+\frac{1}{x^3} = ?$**

ক. 3 খ. 2 গ. 1 ঘ. 0

**ব্যাখ্যা:** $x^4- x^2+1 = 0$

বা, $x^4+1 = x^2$

বা, $\frac{x^4+1}{x^2} = 1$

বা, $x^2+\frac{1}{x^2} = 1$

বা, $(x+\frac{1}{x})^2-2x\frac{1}{x} = 1$

বা, $(x+\frac{1}{x})^2= 3$

$\therefore x + \frac{1}{x} = \sqrt{3}$

$\therefore x^3+\frac{1}{x^3} = (x+\frac{1}{x})^3-3x\frac{1}{x}(x+\frac{1}{x})$

$= (\sqrt{3})^3-3.\sqrt{3}$

$= 3\sqrt{3}-3\sqrt{3}$

$= 0$


৯। **কোন শর্তে, $Loga^1$= ?**

ক. $a>0, a\neq1$ খ. $a\neq0, a>1$

গ. $a>0, a=1$ ঘ. $a\neq1, a<0$

**ব্যাখ্যা:** $Loga^1 = 0$ হবে, যখন $a>0$ এবং $a\neq1$ (স্বতৃসিদ্ধ)

১০।




**চিত্রে, $\angle PQR = 55^0$, $\angle LRN = 90^0$ এবং $PQ \parallel MR, PQ = PR$ হলে $\angle NRP$ এর মান নিচের কোনটি?**

ক. $90^0$ খ. $55^0$ গ. $45^0$ ঘ. $35^0$

**ব্যাখ্যা:** চিত্রে $\Delta PQR$ একটি সমদ্বিবাহু ত্রিভুজ

যেহেতু, $PQ = PR$ তাই $\angle PQR = \angle PRQ$

$\therefore \Delta PQR = \angle PQR = 55^0$

আবার, $\angle LRN = \angle NRQ = 90^0$

$\therefore \angle NRP = 90^0-\angle PQR$

$= 90^0-55^0 = 35^0$

১১। **P ={x:x,12 এর গুননীয়ক} এবং Q = {x:x,3 এর গুনিতক এবং x≤12} হলে, P-Q কত?**

ক. {1, 2, 4} খ. {1, 3, 4}

গ. {1, 3, 6} ঘ. {1, 2, 6}

**ব্যাখ্যা:** শর্তমতে, P = {1, 2, 3, 4, 6, 12,}

Q = {3, 6, 9, 12} **[যেহেতু x≤12]**

∴ P- Q ={1, 2, 3, 4, 6, 12,}-{3, 6, 9, 12}

= {1, 2, 4}

১২। **$\cos\left(\frac{n\pi}{2}\right)$ অনুক্রমটির চতুর্থ পদ কোনটি?**

ক. -1 খ. 1 গ. $\frac{1}{2}$ ঘ. 0

**ব্যাখ্যা:** $\cos\left(\frac{n\pi}{2}\right)$ [ এখানে, n= 4]

$= \cos 2\pi$

$= \cos 360^0$ $[\pi=180^0]$

$= 1$

উত্তর

০৬. ক

০৭. খ

০৮. ঘ

০৯. ক

১০. ঘ

১১. ক

১২. খ

**১৩। ৬ জন খেলোয়াড়কে সমান সংখ্যক দুইটি দলে কত ভাবে বিভক্ত করা যায়?**

ক. ১০ খ. ২০ গ. ৬০ ঘ. ১২০

**ব্যাখ্যা:** প্রতিটি দলে ৩ জন খেলোয়ার নিয়ে

সাজানো দল $= \frac{(2\times3)!}{(3!)^2} = \frac{6!}{(6)^2}$

$= \frac{6\times5\times4\times3\times2}{36}$

$= 20$ উপায়ে

**১৪। .১×০.০১×.০০১ = ?**

ক. ১.০০০১ খ. ০.১০০০১

গ. ০.০০০০১ ঘ. ০.০০০০০১

**ব্যাখ্যা:** ০.১×০.০১×০.০০১

$= \frac{১}{১০} \times \frac{১}{১০০} \times \frac{১}{১০০০}$

$= \frac{১}{১০০০০০০}$

= ০.০০০০০১

**১৫। যদি চ×G = ৮২, তবে J× ট =?**

ক. ১২০ খ. ৯২ গ. ১১৫ ঘ. ১১০

**ব্যাখ্যা:** যদি, চ×G = ৪২

হয় তাহলে, J× ট = ১০×১১

= ১১০

**নোট: প্রদত্ত প্রশ্নে ভুল আছে।**
**৮২ এর স্থলে ৪২ হলে**
**উত্তর হবে ১১০**

> যেখানে, চ হলো ব্যঞ্জন বর্ণের ৬ষ্ঠ অবস্থান এবং G হলো ইংরেজি বর্ণের ৭ম অবস্থান।
> সুতরাং, চ×G=৬×৭=৪২
> J বর্ণের অবস্থান ১০ম এবং ট বর্ণের অবস্থান ১১তম

## ৪১ তম বিসিএস প্রিলিমিনারি পরীক্ষা
পূর্ণমান: ২০০, সময়: ২ ঘন্টা
তারিখ: ১৯/০৩/২০২১

**১। ১ থেকে ৪৪০ পর্যন্ত সংখ্যাগুলোর একটি দৈবচয়ন পদ্ধতিতে নেওয়া হলে সংখ্যাটি বর্গসংখ্যা হওয়ার সম্ভাবনা-**

ক. $\frac{১}{২২}$ খ. $\frac{১}{৬৪}$ গ. $\frac{১}{৬০}$ ঘ. $\frac{২}{৬৫}$

**ব্যাখ্যা:** ১ থেকে ৪৪০ পর্যন্ত সংখ্যাগুলোর বর্গসংখ্যা পাওয়া যায় ২০ টি ।

∴ নির্ণেয় বর্গসংখ্যা হওয়ার সম্ভাবনা $= \frac{\text{অনুকুল ঘটনা}}{\text{মোট ঘটনা}}$

$= \frac{২০}{৪৪০} = \frac{১}{২২}$

